
27
Sep
Dugga Elo
2025
১৪৩২
দুর্গা এলো
Bengali Association of Greater Birmingham

BUSINESS BANKING | PERSONAL BANKING | MORTGAGE

Going further.
Staying local.



BRYANT BANK

At Bryant Bank, we're committed to helping you reach your goals- right here in our home state of Alabama. We invite you to stop by and experience the difference of traditional, personalized banking with your very own Bryant Banker.

FDIC

MOBILE | BALDWIN COUNTY | TUSCALOOSA | BIRMINGHAM | HUNTSVILLE

Bengali Association of Greater Birmingham (BAGB)

BOARD OF DIRECTORS



Sarang kumar Patil



Purba Mukherjee

EXECUTIVE COMMITTE

President



Barnita Guha Haldar

General Secretary



Sanjeev Chowdhury

Treasurer



Jillur Rahim

Secretary in charge of--

Cultural



Shreyashee Ghosh

Food



Deblina Das

Communication



Avraneel Paul

Special events



Tanima Chatterjee

Protect What Matters Most with State Farm



Meet Your Local Agent:
Zack Henderson


LIC# 3002038852

2550 Decatur Hwy
Gardendale, AL 35071

(205) 285-9090
(205) 623-3833

Stop by our office or give us a call today—
let's build a plan that fits your life!

State Farm®
Like a good neighbor, State Farm is there.





Contents

Acknowledging the Sponsors	BAGB EC	6
President's Note	Barnita (Guha) Haldar	7
From the Editorial Desk	Tanima Chatterjee	9
Colors & Dreams	Kid and Adult Category	11
তারাদের দিন-রাত্রি	বিধান রায়	20
তেনাদের দুগ্গাপূজা	শিল্পীতা পাল	29
ইচ্ছে ডানা	মাধুরী পণ্ডিত	32
Arangetram	Shreya Tandon	35
আমাদের টুরিস্ট সেন্টার	অরুনাভ রায়	37
Japan Tour	Sanjay Singh	41
আমাদের গল্প	দীপা ভট্টাচার্য	58
সময়ের গান	বিধান রায়	59
কুমান্ডি কান্ড	অন্বেষা রায়	61
এসো মা লক্ষ্মী বসো ঘরে	পিয়ালী দাস	64
ঠিকানা	কুমারজিৎ ব্যানার্জী	67
মধ্যরাতের সূর্য: এক অলৌকিক	জবা চৌধুরী	68

Contents

ছাপোষা প্রেম	কুমারজিৎ ব্যানার্জী	76
The Journey of Cricket	Rudradip Pattanayak	77
Alaska Tour	Priyesh Sengupta (Riki)	80
Madan's Doi Maach	Leena ghosh	83
Kolkata Misti	Shreyashee Ghosh	86
You Kept me waiting...	Indira Mukherjee Banerjee	89
ফেসবুক বিভ্রাট	সুমিতা চ্যাটার্জি	90
CHIT / Awareness	Sati Nath	93
A Silver Durga Puja	Katherine Anne Paul	107

President's Note

"Jai Maa Durga!
Spread peace, strength, and joy, O Mother!"

Let the dhak resound with rhythms of delight,
In songs, dances, poetry, and art, hearts unite.
A sacred time when divine grace is here,
Culture, food, lights, and laughter drawing near.
Dance steps, music notes, aromas of feast,
Joy fills every lane, from west to east.
Languages, generations, and traditions blend,
Even afar, Bengal's melody extends.
Bonds of love grow strong and true,
May Maa Durga bring her blessings to you.
Sorrow vanishes, joy spreads far and wide,
May this festival shine bright, celebrated with pride.

Durga Pujo is the heartbeat of our community, a time when we come together to celebrate not just a festival, but our shared heritage and values. Even while living far from Bengal, when we gather to celebrate, we bring with us the fragrance of our roots and the essence of our tradition. This magazine is a reflection of that unity — filled with stories, poems, memories, and artistic expressions from our members, young and old.

The arrival of Maa Durga is not only the triumph over evil, but also the promise of hope, the melody of joy, and the bond of love. The Bengali Association of Greater Birmingham (BAGB) has brought the magic of Durga Puja to Birmingham, Alabama, since 2009. I extend my

heartfelt gratitude and profound respect to the founders of our association. Thanks to their vision and dedication, we get together each year to celebrate our own Durga Puja—sharing joy, culture, and diversity as one united family.

This year, thanks to the support, energy, and participation of our members, we are thrilled to host it for two days. This extended celebration reflects the strength, creativity, and love of our community. From the depths of my heart, I truly appreciate our incredible supporters, exceptional members, devoted volunteers, generous sponsors, and enthusiastic executive committee members for their invaluable contributions and commitment. Your tireless dedication and heartfelt passion have brought this festival to life, making it brighter, more joyous, and truly unforgettable.

May Maa Durga bless each of us with happiness, health, and harmony, and may the festival bring our hearts closer than ever. Let's embrace this wonderful occasion together!

শুভ শারদীয়া!

With Warm Regards

Barnita (Guha) Haldar

BAGB President, 2025



From the Editorial Desk

As the fragrance of shiuli blossoms fills the air and the beats of dhak echoes in our hearts, we once again come together to celebrate the most cherished festival of our community—Durga Puja. These five days are not just about rituals and festivities, but about family, friendships, togetherness, and the spirit of belonging.

This magazine is a reflection of that spirit. Within these pages you will find stories, poems, paintings, and photographs that capture the creativity and devotion of our members, especially the little ones whose imagination brings fresh life to our traditions. Each contribution is a testament to the fact that Durga Puja is not only a religious celebration, but also a cultural expression that binds us across generations.

As editors, our role has been a labor of love, to bring together your words, your art, and your voices into a collective that will be remembered long after the Puja lights are dimmed. We hope these pages bring you joy, inspire thoughts, and remind you of the deep roots of our culture.

On behalf of the entire editorial team, Avraneel Paul, Madhubanti Basu, and I extend our heartfelt gratitude to all contributors and readers.

A special word of thanks to Rudradip Pattanayak for his efforts in compilation.

May Maa Durga bless us all with strength, wisdom, and happiness.

Shubho Sharodiya!

With warm regards,

Tanima Chatterjee

BAGB Special Events Secretary,2025



A HEARTFELT THANK YOU TO OUR SPONSORS

Durga Puja 2025

We extend our deepest gratitude to all our sponsors whose generous support has made this year's Durga Puja celebration possible. Your contributions help us create a memorable and joyous festival for our community.

Personal / Family Sponsors

Grand Sponsors

- Dora Singh and Sanjay Singh.
- Sati Nath, Venit Patel, Orunima Banerjee, Anondo Banerjee and Kavi Bandy Patel
- Shreyashi Ghosh and Pramit Sengupta

Gold Sponsors

- Barnita Guha Haldar and Sounick Haldar
- Bisakha (Pia) Sen and Sanjeev Chaudhuri
- Monita Singh and Eric McKendall
- Susmita Dasgupta

Silver Sponsors

- Deblina Das and Kallol Chakrabarty
- Purba Mukherjee and Shubhasish Mukherjee
- Keya Banerjee
- Devotees of Thakur, Ma, Swamiji
- Samiksha Raut and Sarang Patil

Business Sponsors

Gold Sponsors

- Bayleaf Modern Indian Cuisine
- Desi Brothers Farmer's Market and Desi Tadka Indian Restaurant
- Zack Henderson State Farm Insurance Agency

Silver Sponsors

- Beena Shah, Realtor
- Bodems Realty
- Dixie Motors
- Richard Jacks, Realtor
- Saffron Indian Kitchen

On behalf of the organizing committee, we sincerely thank each of you for your continued encouragement and generosity. Your support keeps our traditions alive and our community strong.

Colors & Dreams



Change of Emotions
Artwork by **Vedika Sharma,** Grade 9,
(Free hand sketch and acrylic water color)



Painting by **Tia Banerjee,**
Age 10y, Grade 5,
Oak Mountain Intermediate School

Colors & Dreams



Painting by **Amaira Banerjee**,
Age 7y,Grade 2nd , Vestavia
Hills Elementary Liberty Park



কৈলাস বাগিচা by **Ayra Mukherjee**
Hand prints by Ayra Mukherjee (age 2y,
Grade Discovery Preschool,
UAB Early Learning Center)
Drawing by mom, Anwesha Roy





Painting by **Aparajita Kundu**

Colors & Dreams



Painting by **Shivangshu Haldar Banerjee**,
Age 6y,Grade 1st Rocky Ridge Elementary School



Painting by **Sumit Patra**

Colors & Dreams



Painting by **Anavi Sarker,** Grade 1st ,
Deer Valley Elementary School



দুর্গা- দূর্গতিনাশিনী
Drawing by Mom, Anwesha Roy and Coloring by **Arna Mukherjee** (Age 4y, Grade PreK, UAB Early Learning Center)



Painting by **Rupomonjori Guha**
(Age 4y, Grade PreK,
Epic Elementary School)
and Abhishek Guha



Painting by **Aahir Ganguly,**
Grade 3rd

Colors & Dreams



Painting by **Adrish Ghosh,**Age 4y, Pre-K


BAGB events 2024-25–Poila boisakh












BAGB events 2024-25-Durga Puja













BAGB events 2024-25-Durga Puja




BAGB events 2024-25

Saraswati Puja























তারাদের দিন-রাত্রি

-বিধান রায়

রাণী—আমার মার ডাকনাম। দাদু-দিদা কেন যে এমন একটা গালভরা আদুরে নাম রেখেছিলেন, জানি না। এ নামে একটা অহংকার বা মর্যাদা আছে ঠিকই, কিন্তু ইতিহাস ঘেঁটে দেখা গেছে বেশির ভাগ ক্ষেত্রে 'রাণী' নামক ব্যক্তি ব্যক্তিগত জীবনে তেমন সুখী ছিলেন না। আমার মা তার ব্যতিক্রম নন। জন্ম থেকে আমি আমার মাকে দেখছি অসুস্থ। আপাদ-মস্তক রোগে ভরা। গাঁটে ব্যথা, পেটে যন্ত্রণা, অ্যাসিডিটি, মাথার যন্ত্রনা—আরও কিছু নিয়ে একেবারে নাজেহাল। কোন কোন দিন মা যন্ত্রণায় ছটফট করতেন, বালিশে মুখ গুঁজে কেঁদে যেতেন অঝোরে। ওষুধ যে খাচ্ছেন না তা নয়; একটা কমে, অন্যটা বাড়ে, বা কখনো কখনো সবাই দল বেঁধে ঝাঁপিয়ে পড়ে একসাথে। সেই যন্ত্রনা চেপে রেখে দিনরাত খেটে যেতেন মা সংসারে। পান থেকে চুন খসলে ঠাকুমার খোঁচা, হই-হই, গেল-গেল রব।

আসলে মা আমার হওয়ার আগে যে এমন অসুস্থ ছিলেন তা নয়; আমিই ডেকে নিয়ে এসেছিলাম মার সব বিপদ। আমাদের আশেপাশে বা গ্রামে সব বাচ্চা হয় যে যার বাড়িতে—ঠাকুমা-কাকিমা বা জ্যেঠির সাহায্যে। এঁরা জানেন এবং এঁদের জ্ঞান অনেক দিনের। খুব বেশি না সমস্যা হলে ডাক্তার ডাকা হত না। তাঁরা আবার স্থানীয় ডাক্তার, কোন ডিগ্রী ছাড়া, যাদের বলে হাতুড়ে। কিন্তু আমার ক্ষেত্রে সব চেষ্টাই ব্যর্থ। বাধ্য হয়ে শেষে ডাকা হল অবণী ডাক্তারকে, যাঁকে আমি পরে ডাক্তার দাদু বলে ডাকতাম। তিনিও চেষ্টার ত্রুটি করেন নি, কিন্তু কাজের কাজ কিছু হল না, কারণ আমার মাথা নাকি ছিল অনেক বড় ও অন্য দিকে ঘুরে। মা'র শরীরিক অবস্থার পতন হচ্ছিল খুব খারাপের দিকে। তাই বাধ্য হয়ে মাকে নিয়ে যাওয়া হয়েছিল শহরের জেলা হাসপাতালে। তখন এখনকার মতো অলিতে-গলিতে ব্যাঙের ছাতার মতো এত নার্সিং হোম গজিয়ে ওঠেনি।

আর সরকারি হাসপাতাল মানে একটা ভয়ংকর ব্যাপার—ঠাঁই নাই, বেড নাই, ডাক্তার নেই, ওষুধ-পত্র নেই, আর যন্ত্রপাতি নেই। মেঝের ওপর শুয়ে সারি-সারি রুগী। পা ফেলার জায়গা নেই। যেন রুগীর গো-ডাউন। এখান থেকে জীবন্ত ফিরে যেতে পারলে—তুমি ভাগ্যবান! ডাক্তারের দর্শন অবশেষে পাওয়া গেল অনেক আকুতি-মিনতির পর। উনি দেখেই নার্সকে বলে দিলেন, কিছু করার নেই, সোজা অপারেশন থিয়েটারে পাঠিয়ে দিন, সি-সেকশন করতে হবে। যমালয়ে জীবন্ত মানুষ। সেই শুরু। প্রথমে কাটা-সেলাইয়ের ফুটো থেকে উপচিয়ে-উপচিয়ে রক্ত, তারপর পুঁজ, তারপর দগ-দগে ঘা। পরে পেটে ব্যথা, আর অসহ্য যন্ত্রনা। যত ডাক্তার দেখানো হচ্ছে, সবাই বলেছেন রেস্ট চাই,

ভারী জিনিসে না হাত দেওয়া, আর যতটা সম্ভব কম ওঠা-বসা করা। কোথায় সেই রেস্ট? ভোরের আলো ফোটার আগে থেকে যজ্ঞ শুরু। বাসি ঘর মানে অলক্ষ্মীর চূড়ান্ত। তার মানে সারা বাড়ি ঝাড়ু বোলানো, ঘাট থেকে বালতি-বালতি জল আনা, রান্না-বান্না, থালা-বাটি ঘাটে গিয়ে ধোয়া। আত্মীয়-স্বজন ও চাষে-কাজের লোক থাকলে মা একটু নিঃশ্বাস নেওয়ারও সময় পান না। ভাগ্যক্রমে ধান সেদ্ধ, মুড়ি ভাজা, এসব মাকে করতে হত না। তা করে দিতেন আমার এক জ্যেঠি। কিছুটা মায়ের প্রতি মায়া, আর কিছুটা অভাবে। মা চুপি-চুপি জ্যেঠিকে অনেক কিছু দিতেন।

এছাড়া আমার পড়াশোনা মা-ই দেখতেন। আসলে বাবা আগে সকালে আমাকে নিয়ে বসতেন। অ-আ, ক-খ শিখতে শিখতে আমার দু'হাতে কালশিটে পড়ে গিয়েছিল। বাবার মার খেতে খেতে। ভুল করলেই চপা-চপ হাত চালাতেন বাবা। ঠাকুমা খুব রেগে যেতেন। "ভানু (বাবার ডাকনাম), তুই নাকি স্কুলের শিক্ষক? এইভাবে ছাত্র পড়াস! বাচ্চা পড়াতে গেলে অনেক ধৈর্য লাগে—তোর তো ভাঁড়ে মা ভবানী।" একটা কথা, মা-ঠাকুমার যতই তিক্ত সম্পর্কে থাকুক না কেন, ঠাকুমা আমাকে খুব ভালবাসতেন। তাই আমি চালান হয়ে গেলাম মার হেফাজতে। রান্না ঘরে বসতাম মাদুর পেতে। দেখতাম মায়ের রান্নার প্রসেস। মায়ের রান্না-বান্নার কায়দা-কানুন শিখে নিয়েছিলাম অনেক।

ঠাকুমা আছেন ওনার মেজাজে। ওনার কাজ ছিল পায়ের উপর পা তুলে পান চিবানো আর মায়ের শিক্ষা-দীক্ষার গুষ্টি উদ্ধার করা, সাথে সাথে নিজের মেয়েদের গুণের তারিফ করা। ঠাকুমাকে এ কথা বলতে অনেক বার শুনেছি—'আমি এ বাড়ির বউ হয়ে এসেছি বারো বছর বয়সে। দশটা লোকের (দাদুর ভাই-বোন সহ) সংসার সামলিয়েছি এক হাতে। দিনরাত খাটতে খাটতে কোমর পড়ে গেছে, তবু শাশুড়ি নোড়াটা ধরতে এগিয়ে আসেননি। এখন আমার পালা।'

আমি হওয়ার পর দিদিমা মাঝে মাঝে এসে সাহায্য করতেন মাকে, আর কান বন্ধ করে থাকতেন ঠাকুমার র‍্যাগিং থেকে নিজেকে বাঁচানোর জন্য। সারাক্ষণ কুট-কুট করে যেতেন দিদার কানের কাছে—'অভদ্র-ছোট জাত, আচার-বিচারের অভাব।' দিদা শুধু শুনে যেতেন, টু-কথাটা বলতেন না। শেষবার যখন জামা-কাপড়ের পোটলা নিয়ে আমাদের বাড়িতে ঢুকলেন, তখনই ঠাকুমার মুখোমুখি—'এই যে বেয়ান, টাকার পুঁটলি নিয়ে এলেন বুঝি?'

-'না মানে।'

-'না মানে করার দরকার নেই। যদি না নিয়ে আসেন, নেওয়া উচিৎ ছিল। এমন একটা অসুস্থ-রুগ্ন মেয়েকে আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন! একটা বেগুন, শুধু বেগুন নয়, পোকা-পচা বেগুন।

নাম কি? রাণী—ছি-ছি! সংসারটাকে গিলে ফেলছে। জানি না কী কুক্ষণে এমন একটা পচা মেয়ে ধরে ছিলেন পেটে।'

সেই দিনই রাতে দিদা চলে গেলেন বাড়ি। সেই যে গেলেন, আর কোন দিন এ বাড়ি-মুখো হননি দিদা-দাদু। ওনারা বাজার পাড়ায় থাকতেন, মা আর আমি গিয়ে দেখা করে আসতাম। আসার সময় আমাকে ধরে খুব কান্না-কাটি করতেন দিদা।

মা যে সব গঞ্জনা চুপ করে, মুখ বুজে সহ্য করতেন তা নয়। মাঝে মাঝে দু'-চারটা কথা শুনিয়েও দিতেন ঠাকুমাকে। কিন্তু তার ফল ভালো হত না। বাবা কাজ থেকে বাড়ি ফিরলে, দু'য়ের পিছে দু'ই লাগিয়ে পাঁচ করে শুনাতেন বাবাকে—'ওরে ভানু, তুই কি শিক্ষিতা-সুন্দরী বৌ নিয়ে এসেছিস আমাকে লাঠি পেটাতে? তোর আয়ের পয়সায় দু'-মুঠো খাই বলে কি বৌকে লেলিয়ে দিয়েছিস আমার পেটে লাথি মারতে ? এই যন্ত্রণা সহ্য করে বেঁচে থাকার চেয়ে গলায় দড়ি দিয়ে মরে যাওয়া ভালো।' তারপর শুরু করতেন মরা কান্না। আমার শ্রীচরণেষূ বাবা, ভিতরে গিয়ে মায়ের চুলের মুঠি ধরে দেওয়ালে বারবার মাথা ঠুকতেন, আর সাথে ছিল বিশ্রী নোংরা-কদর্য ভাষায়।

আমার বাড়িতে বাবার খাতির অনেক। তিন বোনের পর অনেক কষ্ট করে পাওয়া মানিক। বাড়িতে একমাত্র ছেলে। তাই আদরে তুলতুলে। আমাদের গ্রামের স্কুলে জীবন বিজ্ঞানের শিক্ষক। বিরাট ডোনেশনে পাওয়া পোস্ট। তার সিংহ ভাগটা এসেছে বিয়ের যৌতুক হিসাবে। সারাদিনে ওটাই শুধু বাবার কাজ। না হলে, বাবা প্রতিদিন স্কুল থেকে ফিরে চা-মুড়ি খেয়ে চলে যেতেন পাড়ার ক্লাবে। ওখানে তাস-পাশা খেলা ছাড়া পানীয়ের ব্যবস্থা থাকত শুনেছি। ফিরতেন অনেক রাতে, সবাই তখন বিছানায়। মাকে জেগে বসে থাকতে হত খাওয়ার দেওয়ার জন্য। কোন কোন দিন মা আমার কাছে শুয়ে পড়লে বাবা খুব রেগে যেতেন। এই যে সংসারটা কিভাবে চলছে বা কিভাবে চললে ভালো হবে তা নিয়ে যেমন মাথা ব্যথা ছিল না বাবার, তেমনি মা-কে নিয়েও না। বাবাকে কোনদিন দেখলাম না যে মায়ের পাশে বসে, মায়ের সমস্যা নিয়ে একটু আলোচনা করতে বা একটু আহা-উহা করতে। বরং মা যন্ত্রণায় ছটফট করলে—"সব নাটক" বলে মনে করতেন বাবা। অথচ বাবার পান থেকে চুন খসে পড়লে বাড়িতে অশান্তি । বাড়ির সব বোঝা দাদুর উপরে। দাদু নিঃশব্দে কাজ করে যেতে ভালোবাসতেন। বাড়ির চাষ-বাস দেখা-শোনা থেকে, হাট-বাজার, মাকে ডাক্তারে নিয়ে যাওয়ার সবই দাদুর দায়িত্ব। মাকে সুস্থ করার বা ভালো রাখার জন্য দাদুর চিন্তার অন্ত ছিল না। নানা লোকে যে সব পরামর্শ দিতেন, দাদু ঠিক তাই নিয়ে এসে মা কে দিতেন—"বৌমা, এটা খেয়ে দেখ, কাজ হলেও

হতে পারে।" এর জন্য অবশ্য দাদুকে কম খোঁচা খেতে হত না ঠাকুমার কাছে—'দেখে শুনে একটা পলাশ ফুল নিয়ে এসেছ ঘরে। ওর জন্য দেখবে আমাদের পথে বসতে হবে। তার জন্য আবার এত আদিখ্যেতা! কই আমার জন্য তো এই দরদ দেখি না। মেয়ে মানুষ না ছাই, একেবারে অলক্ষ্মী, বরটাকে ঘরে বেঁধে রাখতে পারেনা।'

একদিন আমাদের বাড়িতে এলেন ঝর্না মাসি, কাজের মাসি হিসাবে। উনি মায়ের পাড়া-তুতো বোন। মায়ের থেকে কয়েক বছরের ছোট, কিন্তু বিয়ে হয়ে গিয়েছিল অনেক আগে। বিয়ের পরে পরপর দু'ই মেয়ে। শ্বশুর বাড়িতে উঠতে-বসতে অত্যাচার, ছেলে বিয়োতে পারল না—সেই অপরাধে। তাও সহ্য করে ছিলেন। কিন্তু বর বিয়ে করে নতুন বউ নিয়ে আসতে, আর থাকা হয়ে উঠল না মাসির সেখানে। তাড়িয়ে দেওয়া হয়েছে মাসিকে। এখন দু'ই মেয়ে নিয়ে বাপের বাড়িতে, যেখানে অভাবটা প্রতিদিনের নামচা। তাই দাদু-দিদা পাঠিয়েছেন এখানে। শুধু খাওয়াটা এ-বাড়ির, বাকি খরচ দাদু-দিদার।

ঝর্না মাসি ছিলেন খুব কাজের। শুধু তাই নয়, কাজের গোছও জানতেন। একটা কাজ একবার দেখিয়ে দিলে দিব্যি করতে পারতেন। রান্না-বান্নায় ছিল হাত পাকা। মায়ের খাটুনি কমে গিয়েছিল অনেক। শুধু সব্জি কাটা-কুটি ছাড়া রান্না ঘরে ঢুকতে হত না মাকে। তাছাড়া মায়ের শরীরের কথা ভেবে, ঝাল-মশলাপাতি ছাড়া আলাদা রান্না করে দিতেন মাকে। মায়ের শরীরটা এগোচ্ছিল ভালোর দিকে। আর যে ঠাকুমা ঝর্না মাসিকে রাখা নিয়ে পাড়া মাথায় করেছিলেন, সেই ওনারই ঝর্না মাসি ছাড়া দিন কাটত না। সকাল থেকে সন্ধ্যা, হাজার ফরমাস—সকালের বাসি জামা-কাপড় ধোয়া, সন্ধ্যায় পরিপাটি করে বিছানা পাতা, সকালের তা তুলে ফেলা, থাকার ঘর নিয়মিত ঝাড়-পোঁছ করা, চানের জল গরম করে দেওয়া, যা খেতে ভালোবাসেন তা রেঁধে যত্নসহকারে সাজিয়ে দেওয়া, পানে বেড়া দেওয়া, পাকা চুল ও উকুন খুঁজে বের করা, গাঁটে তেল মালিশ করা—এই ছিল প্রতি দিনের দায়িত্ব। তখন মনে হত না এটা বোঝার উপর বোঝা। যে রুগ্ন-শীর্ণ ঝর্না মাসি এ বাড়িতে এসেছিলেন, আশ্চর্যভাবে কয়েক মাসে সেই খোলসটা খসে পড়ল তাঁর থেকে। বের হয়ে এল এক পঁচিশ বছরের যুবতী। আর সেটাই হলো এ বাড়ির কাল। আমি তখন ক্লাস ফাইভে পড়ি। সকালের স্কুল তখন। গ্রীষ্মের দুপুরের খটখটে রৌদ্রে বের হতে দিতেন না মা। ঘুমানোটাই ছিল নিয়ম। আসলে যে ঘুমাতাম তা নয়, চুপ করে বালিশে মুখ গুঁজে পড়ে থাকতাম শুধু সময়ের অপেক্ষায়। তেমনি এক দিনে মা ঝর্না মাসি কে নিয়ে এলেন আমার ঘরে। বার বার দেওয়ালে মাথা

ঠুকছেন আর বলছেন—'মা-বাবা তোকে এখানে পাঠিয়েছে আমার সর্বনাশ করতে!' ঝর্না মাসি অনেকক্ষণ মার খাওয়ার পর বললেন—'দিদি, আমার কথা শুনো।'

-'এই আমাকে আর দিদি বলবি না, তোর মতো একটা নোংরা মেয়ে আমাকে দিদি বললে আমার গা ঘিন্‌ঘিন্ করে।'

-বিশ্বাস করো, অনেক চেষ্টা করেছি তোমার ক্ষতি না করতে, কিন্তু পারিনি। ফাঁকা পেলেই ঝাঁপিয়ে পড়েছে। রাতে তো কথাই নেই। প্রথম প্রথম মনে হয়েছে চিৎকার করি, কিন্তু তাতে তো লোক জানাজানি হলে তোমার বদনাম, এ বাড়ির বদনাম, আর আমার। আমার মেয়েদের বেঁচে থাকার স্বপ্নটা যে শুকিয়ে যেত দিদি। জামাইবাবুর ভয়ে তোমাকেও বলতে পারি নি। তোমাকে জানালে লাথি মেরে এখান থেকে দূর করে দেবে বলেছিলেন। আমরা গরিব, আমাদের ইজ্জতের কোন দাম নেই দিদি। ভাগাড়ে মরা গরুর সমান।

তারপর ঝর্না মাসি কাঁদতে কাঁদতে লুটিয়ে পড়লেন মায়ের পায়ে—'আমাকে তাড়িয়ে দিও না দিদি। আমি অনাথ, আমার মেয়ে দুটো অনাথ।' মা বসে পড়লেন আমার খাটে।

-ওঠ, জানি না তোকে কী বলব! আমার বাড়ি আর একটা অশান্তি। শোন, দয়া করে পেটটা বাঁধাস না। দূর-হ এখান থেকে।'

এতকিছুর সাক্ষী হয়ে গেলাম আমি। যদিও মা ভাবছিলেন আমি ঘুমাচ্ছি। শেষ পর্য্যন্ত এই কেলেংকারি আটকানো গেল না। মা নিঃশব্দে এই কুকর্মটা সেরে ফেলেছিলেন পাশের গ্রাম থেকে এক জন ডাক্তারকে ডেকে এনে। কিন্তু এই গোপন কথাটা গোপনে থাকলো না, ছড়িয়ে গেল কোনভাবে বাজারে। মুখরোচক সংবাদ হয়ে ছড়িয়ে পড়ল চায়ের দোকান থেকে হাটে-মাঠে-ঘাটে, গ্রাম থেকে গ্রামে। গ্রামে বসল সালিশি সভা—কটুক্তি, রসালো হাসি-ঠাট্টা, অপমানে জর্জরিত হলেন বাবা। সালিশিদের পায়ে-হাতে ধরে এক বিঘা জমি ও দশ হাজার টাকা জরিমানা গ্রামের মন্দিরে দিয়ে অবশেষে মুক্তি পেলেন বাবা। কিন্তু মাকে তুলে দেওয়া হলো আসামীর কাঠগড়া তে। ঠাকুমা তো ছিল, জুড়ে গেল পিসিরা, আর সব আত্মীয় স্বজনেরা। । সবাই বাবার পক্ষে। দায়ী করা হলো মায়ের নারীত্বের অক্ষমতাকে, আর এক যুবতীকে লেলিয়ে দেওয়ার জন্য। আর ঝর্ণা মাসিকে ফিরে যেতে হলো তাঁর নিয়তির কাছে।

বাবা বেশ কিছু দিন চুপচাপ থাকলেও, গ্রামের ক্লাব এড়িয়ে গেলেন। কিন্তু মায়ের গায়ে হাত তোলা দাঁড়িয়ে গিয়েছিল অভ্যাসে। বাবার দৃঢ় বিশ্বাস মা ছড়িয়ে ছিলেন ঘটনাটাকে রটনা করে।

এক সময় আবার ফিরে গেলেন বাবা তাঁর রুটিন জীবনে। কিন্তু মা হেরে গেলেন তাঁর নিজের লড়াইয়ে। শুরু হলো সেই খাটুনি আর উঠতে-বসতে খোঁটা। ছেড়ে দিলেন খাওয়া-দাওয়া। বাড়িয়ে দিলেন ওষুধের ডোজ। আর অবশেষে লুটিয়ে পড়লেন বিছানায়। দু'চোখ জলে ভেসে গেলেও দাঁত চেপে সহ্য করতেন অসহ্য যন্ত্রণা। দাদু বারবার এসে মাকে বুঝাতেন—'বৌমা, এইভাবে নিজেকে শেষ করে দিও না। বাঁচতে হবে তোমাকে, বাঁচতে হবে তোমাকে তোমার রিও'র জন্য।'

-'এত দিন তো বেঁচে মরেছিলাম বাবা। আমার ছেলের দায়িত্ব আপনাকে দিয়ে গেলাম।'

আমি স্কুল থেকে ফিরে, খেলা-ধূলা ছেড়ে, যতটা সময় পেতাম থাকতাম মায়ের সাথে। মা আমাকে জড়িয়ে কাঁদতেন, আর বলতেন—'রিও সোনা, আমাকে ক্ষমা দিস বাবা, ভাবিস না আমি তোকে ছেড়ে যাব। আকাশের তারা হয়ে ভেসে রইব তোর জন্য।'

আমার তখন ক্লাস সিক্স—মা চলে গেলেন আকাশের তারা হয়ে। আমি তখন একা, খুব একা। স্কুল থেকে বাড়ি ফিরে দরজা বন্ধ করে থাকতাম নিজের ঘরে, আর খুব কাঁদতাম মায়ের এক-একটা ছবি বুকে চেপে। অপেক্ষা করতাম নিঝুম রাতের জন্য, খুঁজে বেড়াতাম মাকে।

এর দু'মাস পরে বাবা বিয়ে করে নিয়ে এলেন নতুন বৌ—কচি-কাঁচা, বাবার চেয়ে চৌদ্দ-পনেরো বছরের ছোট, অভাগীর কন্যাদায় থেকে উদ্ধার। প্রথমে ঠাকুমার সাথে ঠিক-ঠাক থাকলেও, পরে কাট-কাট সম্পর্ক হয়ে গেল ঠাকুমার সাথে। শুরু হলো আরেক অশান্তি। বাবা অবস্থা বুঝে, পরিবর্তন করে ফেললেন দল। ঠাকুমার ভাষায়—যাকে বলে বউয়ের ভেড়া হয়ে যাওয়া।

নতুন বৌ শুরু করলেন নতুন খেলা। যেহেতু স্কুলের দিন দুপুরে বাবা বড়িতে থাকেন না, দাদু-ঠাকুমা বসে থাকতেন খাওয়ার ডাক পাওয়ার অপেক্ষা। কিন্তু ডাক আর আসত না। পরে জানা গেল উনি ঘরে খাবার নিয়ে গিয়ে খেয়ে ঘুমিয়ে পড়েছেন। বাবা স্কুল থেকে ফিরতেই অভিযোগ দাখিল করে দিলেন ঠাকুমা—'কি রে ভানু, কোথা থেকে ওই ছোটলোকের মেয়েটা তুলে নিয়ে এনেছিস?' এরপর বললেন সব কিছু। বাবা শুধু বললেন, 'দেখছি'। কিন্তু তা আর দেখা হয়ে উঠল না কোন দিন। বরং ফল খারাপই হলো। যেই ঘরে ঢুকলেন আর বের হলেন না। আজকাল বাবা আর ক্লাবে যান না। স্কুল থেকে সোজা বাড়ি। নিজের রুমে থাকেন—হয়তো টিভি দেখেন। তবে চপ-সিঙ্গারা-পিয়াজি যে খাওয়া হয়, তার গন্ধ পাই। তারপর যে ঘটনা ঘটল তাকে বলা হয় 'ভাতে মারা'। রাতে খাবার ডাক পাচ্ছি না, তখন অনেক রাত। আমরা তিন জন গিয়ে দেখি রান্না ঘর বন্ধ। হাঁড়িতে যে খাবার আছে, তাতে এক জনেরও হবে না। মানে রান্না হয়েছে, ওনারা ঘরে নিয়ে খেয়ে

নিয়েছেন। ঠাকুমা মুখে কাপড় চেপে কাঁদতে বসেছিলেন—'আমার কি হবে গো?'
সকালে বাবা বের হতেই ঠাকুমা পাকড়াও করলেন—'ও ভানু, তোকে দুধ-কলা খাইয়ে মানুষ করলাম, আর তুই বউয়ের ভেড়া হয়ে গেলি? তোকে ওই পেতনিটা জড়ি-জটকাল দিয়ে বসে গেছে বুঝি!'
-'খবরদার! ওর নামে কিছু বাজে কথা বলবে না।'
-'ওরে বাবা, এ তো দেখছি খেপা কুকুর হয়ে গেছে।'
তারপর আবার গলা ফাটিয়ে, হাত-পা ছড়িয়ে বসলেন কাঁদতে।
দাদু-ঠাকুমার সংসার হয়ে গেল আলাদা। ঠাকুমাকে এখন নিজের খাওয়া বানাতে হয় নিজের হাত দিয়ে। আমার একটা মাত্র দরজা খোলা ছিল, ভিড়ে গেলাম ঠাকুমার দলে। যেহেতু ঠাকুমার বয়স হয়েছে, অনেক দিন রান্না-বান্না করেননি, তাই কাজের গোছ তেমন ছিল না। একটা বা দুটো পদ দিয়ে চালিয়ে নিতে হতো। তবে ঠাকুমা যে আলু ভর্তা ("আলু ভাতে") বানাতেন, তার তুলনা ছিল না। ভাজা পেঁয়াজের সাথে ভাজা শুকনো লংকা, একটু আদা-কুচি, একটু ভাজা পোস্ত, আর একটু ঘি—সহকারে। খাসা!
এই সব অশান্তির জন্য যে আমার পড়াশোনার ব্যাঘাত হতো তাতে কোন সন্দেহ ছিল না। সেটা স্কুল থেকে জানতে পেরে ছিলেন দাদু। আমাকে নিয়ে দাদুর এক অসহায় অবস্থা। শেষে মামা দাদুর সাথে কথা বলে আমাকে পাঠিয়ে দিল রামকৃষ্ণ মিশন স্কুলে। তখন আমি ক্লাস সেভেনে।
যাওয়ার দিন যত এগিয়ে আসছিল, মন তত খারাপ হচ্ছিল। ছেড়ে যেতে হবে এই বাড়ির প্রতি ইঞ্চির মায়ের স্মৃতি। ছেড়ে যেতে হবে আমার ঘর, আমার খেলনা-পাতি, আমার চেনা পথ-ঘাট, আমার গ্রাম। আমার স্কুল, আমার বন্ধু-জন। যখন ভাবতাম, তখন আমার দুচোখে জলের জোয়ারে ভেসে যেত। আমি চলে যেতাম ছাদে। ওখানে একটা চেয়ার রাখা থাকত—ওটাতে আগে বাবা বসে ধূমপান ও মদ্যপান করতেন। এখন আর করেন না। আমি বসি। বসে দেখি আকাশে তারাদের মেলা। তাদের ভিড়ে খুঁজে দেখতাম আমার মাকে। পুব আকাশে একটা তারা খুব নিজের মনে হতো—মায়ের ছায়া। তাঁর মৃদু-মিষ্টি চাওয়া আর ঝলমলে হাসি মনে হতো আমার মায়ের মতো।
চলে যাওয়ার আগের দিন খুব কেঁদে ছিলাম। বাঁধ-ভাঙা কান্না। রাতে ছাদে গিয়ে বসেছিলাম। চেয়ারটিতে বসে খুঁজছিলাম সেই তারা। কিন্তু অত তারার ভিড়ে খুঁজে পেলাম না তাঁকে। মন

আরো বেশি করে কেঁদে উঠল। আমি বসে একটি বড় দিঘির পাড়ে। এক ঝাঁক সাদা রাজ হাঁস মাথার উপর দিয়ে উড়ে যাচ্ছে, কক্-কক্ শব্দ করে। তাঁদের একজন একটু পিছনে, আমাকে হাত নেড়ে ডাকল—'এই রিও, চলে এসো।'

যেন মনে হলো মায়ের ডাক। মা ঠিক এইভাবে ডাকতেন।

-'আমি তো উড়তে পারি না।'

-'কখনো কি চেষ্টা করেছো? চেষ্টা কর, হবে।'

-'বা রে, তা হয় নাকি!'

-'হয়। দেখ না। ডানা দুটো নাড়িয়ে দেখো।'

-'নাড়ছি তো, হচ্ছে না।'

-'দুর বোকা, অত আস্তে নাড়লে উড়া যায় নাকি! নাড়তে হবে হামিংবার্ডের মতো। ফিন্-ফিন্ করে।'



-'দেখছি।'

-'হচ্ছে। আরো জোরে।'

-'হ্যাঁ, পারছি।'

-'পারবে না কেন? পারা যায়।'

-'আমরা কোথায় যাচ্ছি?'

-'যে দিকে পথ যায়, ও মন চায়।'

-'বা রে, ঠিকানা নেই!'

-'ঠিকানা টা আপেক্ষিক।'

-'তুমি তো সুন্দর কথা বলো। আমার মায়ের মতো। মা ওইভাবে বলত।'

-'বলত বলছো কেন? এখন বলে না।'

-'নেই।'

-'সরি!'

এক ঝাঁক কালো মেঘ ধেয়ে এল হঠাৎ। চারিদিক কালো অন্ধকার, যাকে বলে কুজ্ঝটিকা।

-'আমি তো কিছু দেখতে পাচ্ছি না। তুমি কোথায়?'

-'আমি তো তোমার পাশে। যেমন চলছো, চলতে থাকো।'

-‘ভয় করছে!’

-‘ভয় করলে চলবে না। এটাই পথ। পথটা বড্ড কঠিন।’

-‘আমি পড়ে যাচ্ছি, আমার হাত-পাখনা আর কাজ করছে না। একটু হেল্প।’

পাশ থেকে কোন উত্তর এল না। নিচের দিকে তাকিয়ে দেখি—অনেক উঁচুতে। আমি পড়ছি তীব্র গতিতে। গায়ে হাওয়ার ছ্যাঁকা। ভয়ে মা বলে চিৎকার করে উঠি। ঘুম ভেঙ্গে যায়। সারা গা ভিজে গেছে। পুবের আকাশের দিকে তাকাতেই চোখে পড়ে সেই তারা, জ্বলজ্বল করে জ্বলছে। আর যেন বলছে, ‘রিও, এগিয়ে চল।’



Artwork by Sarbodeep Paul

তেনাদের দুগ্গাপূজা

-শিল্পীতা পাল

"আশ্বিনের শারদপ্রাতে বেজে উঠেছে আলোক-মঞ্জীর;
ধরণীর বহিরাকাশে অন্তরিত মেঘমালা;
প্রকৃতির অন্তরাকাশে জাগরিত জ্যোতির্ময়ী জগন্মাতার আগমন বার্তা।"

বেতারে বাজিল যখন এই সুর,
জানিয়া রাখ দুর্গাপূজা নেইকো দূর।
কিন্তু তুমি ভাবিও নাকো, শুধু মোরা করি হট্টগোল,
ওই পাড়ের তেনারাও করেন সমরূপ শোরগোল।
শাক্তমতে পূজা তাঁদের, আচার বিচার সবই মানেন,
ষষ্ঠী থেকে দশমী, তাঁরা উৎসবে মজিয়া থাকেন।

মহালয়ার শারদপ্রাতে,
বেঁশোদের দল যখন গড়িতে করিল শুরু অদ্ভুত সব মণ্ডপ,
রাক্ষস, খোক্ষস, দৈত্য, যক্ষরা তখন করিতেছেন চাঁদা তুলিবার তাণ্ডব।
স্কন্দকাটা এই তরে দিয়াছেন বাড়াইয়া রেল ভাড়া,
জানেন তো তিনি, প্রবাসী তেনাদের থাকিবে ঘরে ফিরিবার তাড়া।
কানাভুলো লইয়াছেন দায়িত্ব পূজা পরিক্রমার,
কেহ তারে চিমটি কাটিয়া বলেন, "পথ ভুলিস নাকো আবার"।

দেখিতে দেখিতে আসিল ষষ্ঠী--
ব্রহ্মদৈত্য করিলেন ঘট প্রতিষ্ঠা,
ডামরিগণ বলিলেন, "আহা, কি স্বস্তি"।
বেঘো দিলেন মধু-চন্দন, আইলি দিলেন গঙ্গাজল,
গেছো গেছেন ফল আনিতে,
"আরে, জলপিশাচকে পদ্মটা কেহ আনিতে বল..."

এল এবার সপ্তমী—
পেত্নিদের দল মাঠের মাঝে করিতেছেন কোলাহল,
পাশ দিয়ে চোখাচোখি করেন মামদোর দল।
বুড়ি ডাইনি দিলেন এক মামদোর কান মুলিয়া,
তাহা দেখিয়া পেত্নিগণ ওঠেন খলখলিয়া।

অষ্টমীতে ব্যস্ত সবাই, ব্রহ্মদৈত্য থেকে ডাইনি,
রাত থেকে গেল হইতে ভোর, কেহ তো কিছু খাননি।
ভূতপঞ্জিকাতে আছে বর্ণন, মধ্যরাতে সন্ধিলগ্ন,
বিশাল এক চামর হাতে, দৈত্যমশাই পূজা তে মগ্ন।



নবমীতে সাংস্কৃতিক, আছে পেঁচাঁপেঁচির গান,
একানড়ে নাচিবেন নাকি, তাহাতে পেত্নি দিয়াছেন সাথ।
রাতে হইতেছে মহাভোজ, মেছো করিয়াছেন মৎস্যর আয়োজন,
"খাইবেন আর লইয়া যাইবেন, যাঁহার যত প্রয়োজন"।

শেষবেলাতে দশমী, সবাই মনমরা,
শাঁখচুন্নিরা মণ্ডপে করিতেছেন সিঁদর খেলা।
একে একে হইয়াছে জমা, ভূত-প্রেত পরিসভা,
সমস্বরে উঠিলেন বলিয়া, "আগামী বৎসর আবার হইতেছে দেখা" ॥
শারদীয়ার প্রীতি ও শুভেচ্ছা॥


BAGB events 2024-25

Holiday party

















ইচ্ছে ডানা

-মাধুরী পণ্ডিত



আমিই সেই নারী...
আমি সুকোমল হয়ে পাঁকে জন্ম নিতে পারি...
আমি তিরতির করে বয়ে চলা নদী হতে পারি...
আমি কণ্টকাপূর্ণ ডালে ফোটা রক্ত গোলাপ...
ধানের শীষে বয়ে চলা স্নিগ্ধ বাতাস...
শরতে ফোটা শিউলি আর কাশফুল...
হেমন্তের ভোরে ঘাসের উপর ফোঁটাফোঁটা শিশিরবিন্দু...
আবার কখনো আমি ঝড় তুলতে পারি...
কখনো বা উত্তাল সমুদ্র হয়ে
তীরের সবকিছু ভাসিয়ে আবার শান্ত হতে পারি...
আমিই সেই নারী।
ঋতু পরিবর্তনের মতো সময়ের সাথে
নিজেকে বদলে নিতে পারি...
নারী যেমন কিশোরী
যৌবনে চপলা হরিণী প্রেমিকা....
অপরপ্রান্তে মমতাময়ী মা...
প্রয়োজনে দিক্ ভ্রষ্ট যাত্রীদের বীরাঙ্গনা কাণ্ডারী...
আমিই সেই নারী।
হারিয়ে গেছে মোর বাঁশি...
রেখে গেছে শুধু কিছু সুরের স্মৃতি...
সেই সুরের সাগরে ডুব দিয়ে...
খুঁজে পেলাম আমি...
রূপকথার সোনার কাঠি রূপোর কাঠি...
স্পর্শ করতেই বন্ধদূয়ার গেল খুলে...
দেখতে পেলাম ঘুমন্ত স্বপ্নপুরী উঠেছে জেগে...
আমার ইচ্ছেপরীর ঘুম ভেঙ্গেছে...

কাতর নয়নে তাকিয়ে আছে...
আমার মুখে হাসি ফুটতেই
আনন্দে ঝলমলিয়ে রঙিন ডানা দুটি মেলেই...
উড়তে লাগল সীমানা ছাড়িয়ে
সীমাহীন নীল দিগন্তে...
আমিই সেই নারী...
আমিই পারি।









Pictures Captured by
Vijay singh

Arangetram

-Shreya Tandon

My name is Shreya Tandon, and I am a rising junior at Thomas W. Wootton High School in Rockville, MD. Prior to moving to Maryland, I lived in Birmingham, AL, where I had the privilege of training in Bharatanatyam under Guru Smt. Sheila Rubin at the Natyananda School of Dance.

After years of dedicated training, I completed my Arangetram in June 2025 at the Dorothy Jemison Day Theater at The Alabama School of Fine Arts. This milestone was deeply meaningful not only in my dance journey but also in my personal growth. Bharatanatyam has been an integral part of my life for many years, and preparing for the Arangetram allowed me to connect with the art form on a much deeper level. It was more than just learning the "margam"; it was a journey of discipline, endurance, and devotion.



The months leading up to my performance were filled with long hours of practice and moments of reflection. I came to understand that Bharatanatyam is far more than a series of movements, it is storytelling, prayer, and a sacred offering.

On the day of my Arangetram, I was definitely a little nervous, but I felt immense gratitude. It was an honor and a blessing to share this beautiful art form with my family and friends. I was especially moved by the presence of so many loved ones who traveled from a far to be there. Their support brought profound meaning to my journey, and I will always cherish



those memories.

I am deeply grateful to my guru for her patient guidance and unwavering dedication, and to my parents, whose constant support made this milestone possible. For me, the Arangetram was not just a performance; it was a celebration of tradition, perseverance, and devotion, values I hope to carry with me forever.

আমাদের টুরিস্ট সেন্টার, বোলপুর, শান্তিনিকেতন

-অরুনাভ রায়

টুরিস্ট সেন্টার, আমার গল্পের নায়ক। মনের মনিকোঠায় প্রোথিত একটি মাইল ফলক, একটি হোটেল-শান্তিনিকেতনের রতন পল্লীতে। পরবর্তীসময়ে কেন্দ্রীয় সরকারি দফতরের একটি মেসবাড়ি। এই মেসবাড়ি ঘিরেই রয়েছে চিরন্তন স্মৃতি, বহমান নদীর মতোই আছড়ে পড়ে স্মৃতিপটে, তাই ফিরে দেখা।

চাকুরী জীবনে বদলির ডাক অনিবার্য ভাবেই এসে পড়ে, কলকাতা ছাড়ার ছাড়পত্র পেয়ে আমিও মনে মনে তৈরী হয়ে বেরিয়ে পড়লাম বোলপুরের উদ্দেশ্যে। কর্মস্থলে যোগদানের পরেই এলো বাসস্থানের প্রস্তাব। আমার খুবই প্রিয় দেবনাথ আমাকে নিয়ে হাজির হলো টুরিস্ট সেন্টারে, শুনে এসেছি তার খ্যাতি, প্রাণ চঞ্চলতার জন্য। ওমা, গিয়ে দেখি কেউ নেই, দেবনাথও আমাকে দোতলার একটা বড় ঘরে বসিয়ে বিদায় নিলো, তাকে কলকাতা অফিস যেতে হবে। কেউ নেই, ধীরে ধীরে অন্ধকার নেমে আসছে। লোডশেডিং, আমি সেই চার শয্যার ডিলাক্স রুমে মোমবাতি জ্বালিয়ে বসে আছি, ভীষণ অস্বস্তিদায়ক।

এর মাঝে আমাদের রাঁধুনিদ্বয় সাধন ও রমেশের আবির্ভাব। ওরা বোর্ডার দেখে বাজার করে আনবে। চা খাওয়ালো, বললো একজনই আছে আজ, এসে যাবে। সুমিত এলো, ও মালদহবাসী, খুবই প্রাণখোলা, বেশ গল্প জমে উঠলো। সুমিত জানালো আজ কলকাতায় ইলেকশন ডিউটির ট্রেনিং আছে, কাল সবাই এসে যাবে। এরপর খাওয়া সেরে শুতে গেলাম। নতুন আলাপ, তাই বলতে পারলাম না যে আমার একা ঘরে থাকার অভ্যাস নেই। অবশ্য আমি শুধু এ দোষে দুষ্ট, তা নয়। শুনেছিলাম, মহানায়ক উত্তমকুমারও নাকি একা ঘরে থাকতে পারতেন না।

পরদিন সন্ধ্যায় মেসে ফিরে দেখি, টুরিস্ট সেন্টার গমগম করছে। একদল তরুণ মগ্ন বিভিন্ন আলোচনায়। পরিচয় শেষে সাদর অভ্যর্থনা। কিছু উত্তরবঙ্গ-কিছু দক্ষিণবঙ্গ-কতিপয় কলকাতাবাসী। আমি হয়ে গেলাম ওদের আদরের বুড়োদা। দেখলাম মহিলা সহকর্মীরাও আছেন। হৈ-চৈ চিৎকার, মুড়ি-তেলেভাজা-চা সহযোগে সান্ধ্যবাসর জমে গেল। শুনলাম চারদিনই মাংস, একদিন নিরামিষ অর্থাৎ ডিমের ঝোলভাত!

ক্রমশ পরিচয় ঘটলো সকলের সঙ্গে, প্রায় সবাই আমার থেকে বয়সে ছোট। ওরা চঞ্চল, ওরা উচ্ছল ওরা কারো বাধা মানে ন। এদের সরলতা, ভালোবাসা, উদারমনস্ক মানসিকতা আমাকে সহজেই ওদের একজন করে তুললো। অফিসে বিভিন্ন জায়গায় থাকলেও একসঙ্গে টিফিন খাওয়া, মাইনে নেওয়া, মেসে ফেরা, আবার একসঙ্গে কলকাতায় ফেরা।

রাতে ছাদে মাঝে মাঝে বসত সান্ধ্য বাসর- ‘প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে মোরে আরো আরো দাও প্রাণ’। আড্ডার মজলিশে রাজনীতি, গল্প, গান, সুরাপান সবই চলতো, সে কি উত্তেজনা, আমি গলা ছেড়ে গান গাইতাম, তাল লয় ঠিক না থাকলেও শ্রোতাদের তারিফের অভাব ছিল না।

একদিন রাত প্রায় এগারোটা, খেতে বসে খেয়াল হলো আজ ভোজ্য কিছু কম। পাকড়াও করলাম মেস ম্যানেজারকে। সে বেচারি ঘুমিয়ে পড়েছিল। লাথি দিয়ে দরজা খুলে দিয়ে প্রথমেই তার মশারি খুলে দিয়ে কৈফিয়ত তলব। "আমরা কি পয়সা কম দিই?" পরদিন রাত্রে আহার তালিকায় মাছ, মাংস, চাটনি, তদুপুরি কর্নেটো আইসক্রিম, তখন কর্নেটো সদ্যজাত। আবার বিদ্রোহ- “আমাদের কি খাইয়ে মারবে? পয়সা কি গাছে ফলে?” সে বেচারি যথারীতি অব্যাহতি চাইল! চাইলেই বা দিচ্ছে কে?

শান্তিনিকেতনে বিদেশী-বিদেশিনীদের আনাগোনা লেগেই থাকত। একদিন ছেলেরা আবিষ্কার করল- আমাদের এক বরিষ্ঠ সহকর্মী এক ফরাসি মহিলার সঙ্গে আলাপরত, ভদ্রলোক ফরাসি ভাষা জানতেন। আমরা আড়ালে তাকে 'মশিয়ে ফ্রান্স' বলে ডাকতাম। একদিন রাতে গান বাজনা জমে উঠেছে, মধ্যরাতে সেই স্যারের ঘরে আগমন। আমরা আবদার করলাম রবীন্দ্রসংগীত শোনাতে হবে ফরাসি ভাষায়, যে গান আপনি ফরাসি মহিলাকে শুনিয়েছেন। ভদ্রলোক বিপর্যস্ত! তিনি ফরাসি ভাষায় রবীন্দ্রসংগীত শোনালেন। তারপর নিজেই গান ধরলেন "থাকতে দে আমায় থাকতে দে না, আপনমনে মনে আমায় থাকতে দে”- ছেলেরা সব চুপচাপ ফিরলো ঘরে।

অনেকেই গ্রামের ছেলে। তারা রাত জাগতে পারতো না। আমার পাশের শয্যায় থাকত নয়ন চ্যাটার্জী, ওরফে ‘খুড়ো’। বলত- তোমরা তো শহরের ছেলে, রাত জাগা পাখি। এক রাত্রে আমি শুতে গিয়ে “নয়ন , ওরে নয়ন শুভরাত্রি” বলে বেচারি নয়নকে জাগিয়ে শুয়ে পড়লাম। পরদিন ভোরে নয়নের ফিরিয়ে দেবার পালা, “ওরে বুড়া গুড মর্নিং, উঠে পর"। আমি ঘুমে কাতর, ঘুম চোখে মশারি জড়িয়ে শুয়ে আছি।

শান্তিনিকেতনের চাঁদনী রাত আমাদের পাগল করে তুলতো। একদিন রাত এগারোটায় খাওয়া সেরে আমরা সাইকেল নিয়ে বেরিয়ে পড়লাম সোনাঝুরির খোয়াইয়ে। সকলে মিলে গান ধরলো “চাঁদের হাসির বাঁধ ভেঙেছে”, কত গান, “এই রাত তোমার আমার”, “এই পূর্ণিমা রাত কিছু সুর কিছটা আবেশ”। রসভঙ্গ হলো কিছু পুলিশ কর্মীর আগমনে, “স্যার, রাত অনেক হলো, আপনারা না ফিরলে আমরাও যেতে পারছি না”। আমরা খেয়াল করিনি, গাছের আড়ালে পুলিশের গাড়ি।

অগত্যা মেসে ফেরা, না হলে সারারাত সোনাঝুরিতে শুয়ে কাটতো।

আমরা কতিপয়, বুধবার ভোরে শান্তিনিকেতনের উপাসনা গৃহে হাজির হতাম। ব্রহ্ম সংগীত এ মন ভরে উঠত। বর্ষামঙ্গলের মহড়া চলছে সংগীত ভবনে, কখনো বা নাট্যশালায় বসে আছি, কখনো কলাভবনে ঢুকে যেতাম, ছেলেরা একমনে এঁকে চলেছে, কেউ মাটির তাল নিয়ে কাজ করছে। শান্তিদেব ঘোষ ইজিচেয়ারে শুয়ে হাতপাখা দিয়ে হাওয়া খাচ্ছেন। তালধ্বজ, দ্বিজাবিরাম, কালোবাড়ি, সুবর্ণরেখা অফিস- সব জায়গায় ছুটির পর ঘুরে বেড়াতাম। কখনো সন্ধ্যায় প্রান্তিক স্টেশনে গিয়ে বসে থাকতাম। বৃষ্টিতে ভিজে ঘুরতাম পাগলের মতো। আহা, কী ছিল সেই দিনগুলি!

আরো একটি বিশেষ ঘটনা, উল্লেখ না করলেই নয়। আমাদের মহিলা সহকর্মী শেহনাজের কাছে আবদার করলাম বিরিয়ানী রান্না করে খাওয়ানোর। সব মশলা নিয়ে এসেছিলো কলকাতা থেকে। একটি শনিবার কেউ ফিরলাম না। রীতিমতো উৎসব, বড় ডেকচিতে বিরিয়ানি রান্না করছে শেহনাজ আর সাধন-রমেশ সাহায্য করছে। পুরো প্রাঙ্গন বিরিয়ানির গন্ধে সুরভিত। এখনো বিরিয়ানির গল্প হয় অফিসে দেখা হলে।


শান্তিনিকেতনে বেশ ভালোই শীত পড়ে। উত্তরবঙ্গের ছেলেরা শার্ট পড়ে কলার তুলে ঘুরে বেড়াতো আর কলকাতার ছেলেরা কাহিল। একবার শীতে বনভোজনের আয়োজন হলো কোপাই নদীর ধারে, গোয়ালপাড়া ছাড়িয়ে। আমার কন্যা অন্বেষা তখন খুবই ছোট। সে কি অনাবিল আনন্দ ওর কোপাই নদীর জলে স্নান করে! বনভোজন শেষে ফিরতে ফিরতে সন্ধ্যা নেমে এলো। সুরজিতের গলায় বাঁধ ভাঙা রবীন্দ্রসংগীত, হেঁটে ফেরা! আর বাচ্চাগুলো ফিরল সাইকেলে চেপে। টুরিস্ট সেন্টারের স্মৃতি আজও অন্বেষার মন আনন্দে ভরিয়ে দেয়।

এবার শেষ পর্যায়। পৌষ মেলা ও বসন্ত উৎসবের কথা না বললে গল্প অসম্পূর্ণ থেকে যায়। এই উৎসব মুখরিত দিনে অনেকেই আসতেন পরিবার নিয়ে। মেসের দরজা খোলা থাকত অনেক রাত অবধি, অনেকে আসছেন। মহিলা শিশুদের কলরব , ক্যারম খেলা- গমগম করছে মেসবাড়ি। আমরাও মিশে যেতাম। এর রেশ মিটতে না মিটতে এসে পড়ে বসন্ত উৎসব, নববর্ষ- হলকর্ষণ উৎসব, সব উৎসবের আমেজ পেয়েছি আমরা। এরপরেই অনিবার্য ভাবে এসে পড়ে বাৎসরিক বদলির আদেশ। আমরা চলে যাওয়ার পর শুনেছিলাম অফিসও মেসবাড়ি ছেড়ে দিয়েছিল।

আমাদের হাতেই টুরিস্ট সেন্টারের যবনিকা পতন। মন ভারাক্রান্ত, বিদায় টুরিস্ট সেন্টার, বিদায় শান্তিনিকেতন। "এবার তো যেতে হবে - ও যে মানে না মানা "। কত মুখ ভেসে ওঠে, কত আনন্দঘন মুহূর্ত! ঈশ্বরকে প্রণাম জানাই- মধ্যবয়সে শান্তিনিকেতনে এসে সেই তরুণ দলের সুন্দর মননে-সাহচর্যে, আমিও কিছুদিনের জন্য ফিরে পেয়েছিলাম আমার যৌবনের হারিয়ে যাওয়া দিনগুলিকে।







Pictures Captured by
Abhishek Guha

Japan Tour

-Sanjay Singh

Background:

Dora and I have been saving Japan for one of our deep dives. I first heard about this amazing country—I'm sure you guessed it!—through Bollywood. Love in Tokyo was a mega-hit movie in the '60s, particularly its catchy tune, "Sayonara, Sayonara Wada Nibhayogi Sayonara" by Lata Mangeshkar. Soon thereafter, our family started enjoying Japanese goodies, including cameras and radios, thanks to our dad's yearly visit to Japan. Of course, the pictures of Mt. Fuji was captivating even then. Around that time, we also saw the first Toyota car that my sister's father-in-law brought back from Japan. We had to receive it in Calcutta Port before it was driven to Kathmandu. And talking about Nepal, I loved going there in the early '70s as the country was awash in high-tech Japanese gadgets and cars. Not to be outdone, the government of India, under the leadership of Sanjay Gandhi, set up a joint venture with Suzuki, and that company, Maruti-Suzuki, still remains a leader in car manufacturing. As we grew up, we learned about the



Photo by Sanjay Singh

tragedy of Hiroshima and Nagasaki in school but could not fully understand or comprehend its meaning. In the early days of college, I started reading about Deming/6 Sigma/Japanese Lean Manufacturing/ Bullet Trains/ Soy Sauce/ Sake/ Eel/ Whale Hunting/ Kimonos/ Geishas/ Katanas/ Paper Homes/ Earthquakes/ Typhoons/ Cherry Blossoms/ Tea Ceremony and the importance of Buddhism, which we witnessed during our trips to Bodh Gaya! In other words, the lore of Japan was already seared into my brain before showing up in the U.S.!

As I was getting somewhat serious about a career path, and right before coming to the U.S., I read In Search of Excellence by Tom Peters and Robert Waterman—perhaps the most influential business book of the '80s and also the one that significantly shaped my own interest in information management, particularly the relationship between business and technology.

After coming to the U.S., all I would hear were the following: Pearl Harbor, Keiretsu, Gaijin, Teriyaki cooking (always a spectacle to see the chef break an egg on their knives and fire burning through an inverted onion ring), and the Cherry Blossom Festival (at that time in Macon, Georgia). Like all good consumers, I bought an expensive Nikon camera that I could not afford and a red-hot Nissan Pickup truck (brand new, drove off the lot for $6,750, albeit without a radio) in 1992. Dora was driving a Honda EX, going against the grain to buy a Toyota Camry, which would soon become the #1 selling car in the U.S. By the way, even today we have a Toyota Tacoma and a Mazda 626 at home (our philosophy of buying cars built in Alabama). And yes, Sony Walkman, Blu-ray, and the TV!

It took me two decades to muster up the idea to visit Japan.

Photo by
Sanjay singh



Planning

I would always hear how difficult it was to travel through Japan, particularly with the language and train system. So we were mentally getting ready for the “difficulties” of traveling to a country where you still feel like a “foreigner” and where the English language has not completely taken over the tourist trade. (Even on this trip, we made our obligatory stop at a McDs to get the Big Mac Index and the strength of an espresso at Starbucks; I like the Japanese version.) I talked to many Japanophiles and Americans traveling through Japan (for both short and long periods) but still could not find an easy solution, including travel agencies that I liked. Then one day, I found All Japan Tours-a Japanese travel agency with roots in the U.S. Bilingual, with many native Japanese on staff and extensive knowledge of the country, it is set up for U.S. tourists with any type of interest. Most importantly, they are vertically integrated and solely focused on custom-creating any type of travel through Japan. Initially, it was quite overwhelming to go through their choices, but pretty soon, I was able to narrow down our interest based on the following:

- We wanted to go during the Cherry Blossom Festival.
- We only wanted to do Tokyo south and focus on the Golden Triangle.
- We wanted to add Hiroshima and Naoshima (the art island).



But the best part was that instead of a private tour by car, we wanted to experience the famed public transport system. So, we chose a guided tour where all the inter- and intra-city travel was done by public transport. At first, I was a bit hesitant, but once I realized the location of hotels and the sophistication of the system, I was more excited about this option than any van/car-only tour.

Needless to say, AJT is simply amazing and quite the find. Not only are they 100% flexible, with incredible knowledge of what can and cannot be done within the constraints of time and budget, but they go out of their way to add experiences that are otherwise impossible on the very first tour of a country like Japan. For example, they gave us options to experience Ikebana, Zen Meditation, cooking classes, and a cultural dinner with a Geisha! I wish Sumo wrestling was in season, but next time we are tackling Sumosan and calligraphy as well. Reach out to AJT as your first stop in planning. They put together an incredible three-week trip; our heart, mind, belly, and memories are still full!



Highlights—in Random Order

- Tokyo is huge. Not a city anymore, but imagine Singapore times 10. It's more of a place to live and a modern metropolis that was built from scratch post-WWII; the entire city was leveled. Now, living and work are co-mingled. With 40 million people within its vicinity, it's the most populated city in the world!
- Right away, you notice structure, order, processes, discipline, and a total lack of noise. And I guess that is needed in a country that is constantly fighting Mother Nature and calamities and still recovering from the psyche of war and financial stagnation for the past 30 years.
- Japanese businesses have a 100-year strategy. They want to invest and collect 1% to 2% for the next few centuries. As a result, over the years, mega-conglomerates have so many cross-holdings within their Chaebol. Good luck trying to figure out the corporate ownership structures.
- Staying at a hotel on top of Shinjuku Station, I was at Ground Zero of order within chaos. Imagine a train station with over 200 exits! Talk about a maze under and over ground. You are bound to get lost!
- Shibuya Crossing is everything you read and more. Insanity at a whole different level. I marvel at the brain that created it and even more at those who keep it humming.
- Miyako, the faithful dog, is a national hero, and his story and fable have multiple meanings for the Japanese culture and psyche. He waited for his master for 10 years after his death, every day at the same place in Shibuya Crossing.

- There are lines everywhere and for everything, even to go up the escalator or board the trains. And the discipline to stay in your lane or side. Even in Shibuya Crossing, 3,000 people pass each other randomly without bumping.
- Google Translate will become your best friend, as is Google Maps, particularly for figuring out the public transportation system. Rule of thumb: if you are willing to make an effort to speak or understand Japanese, the locals will reciprocate with the utmost politeness and willingness to help.
- **Cherry Blossom:** We timed our trip to coincide with the one month of "hit and miss" with cherry blossoms. All you can say is wow! The whole country, at different times, is awash in pink to white flowers and petals of the cherry blossom tree. Having seen it in D.C., I had some idea what to expect. But it is overwhelming beauty. Even more, to see the locals incorporating rituals like Hanami (i.e., having a picnic with friends and colleagues) under the cherry blossom trees is a treat and a joy. Your spirits are bound to be uplifted as you go through these massive parks or public areas with hundreds of these trees draping over the streets and parks. Magical.
- **Shinto and Buddhism:** I learned there are over 75,000 shrines and temples. Most Japanese observe both forms of religion and way of life, from the tiniest of tiny to gigantic sizes scattered all over the country. Most of them are in great locations. Again, lots of rituals around visiting and praying. There is a pilgrimage route of the 88 Temples/Shrines. Maybe one day. We must have visited over 50. In fact, you can just do a tour of Japan visiting the most iconic temples and shrines.

We loved our Zen Meditation session. I fell asleep within the first 30 seconds and within the hour, at least seven times. I learned the technique to slow things down, focus on the inner self, and concentrate for minutes at a time. Just like any workout, the brain and body were energized enormously by the mental exercise, and now I understand why people meditate. It heals your brain and gives it the nourishment needed to continue expanding, growing, and working. We all meditate in our own way, but the ability to shut your mind down is simply incredible and powerful. I will definitely pursue this with more vigor going forward.

- **Goshuin:** Thank you, David Taylor, for turning us on to Goshuin—the art of getting stamps, i.e., the most elaborate form of calligraphy depicting the story of that particular temple or shrine. For about 300 to 500 yen, a local monk/temple devotee would silently draw their stamp on your book, put the date, and inscribe the highlights of the local temple or shrine. In the process, you also absorb the serenity of the moment and are forced to slow down and reflect on the larger meaning of life. We filled up one book. Best form of memory!



- **Ikebana, Japanese Gardens:** I always liked the concept of flower arrangements as long as I did not have to do it. But thanks to Dora and my mom, I have come to appreciate plants, flowers, and décor in general. Also, thanks to our college friend Christine Donck, who is now a well-known Ikebana teacher in NYC, I have slowly started to appreciate the intricacies of this unique Japanese culture. So, when I saw the option to sign up for a class with a true Master, I jumped at the opportunity. Needless to say, it was an experience, but the highlight came towards the end. As the Sensei (i.e., teacher) found out we would be visiting Osaka the next day, where she, along with over 40 other Masters, was presenting an exhibition organized by the Japanese National Ikebana Society. What made the experience even more special was that Ikebana started in Kyoto, so we were in the cradle of this art form. We very quickly learned about perspective, the use of minimalist materials, and creating a unique viewpoint for the visitor to experience. This, plus visiting multiple Japanese Gardens, flower exhibitions, arrangements (including French, particularly from Provence/South in Naoshima), and the cherry blossoms in general, has had a significant impact on both Dora and me. This is now being reflected in how we are redoing our own garden back home!
- **Tea Ceremony:** We Indians love tea! No arm twisting required. Only after coming to the U.S. did I learn about the Japanese Tea Ceremony. I saw a few in movies and visited some of the tea houses in Japanese gardens but never really understood the cultural processes behind the elaborate rituals. It is as much about slowing down, building relationships, reflecting on life, and enjoying nature (not to mention politics, intelligence

gathering, and forging coalitions) as it is about drinking tea! So, we could not say no to an opportunity to attend a private tea ceremony with a Master. You feel rested, relaxed, and educated about the intricacies of the finer things in life. A definite must.


- **Textile:** We had the opportunity to visit some amazing exhibitions on the history of Japanese textiles—primarily cotton and silk—highlighting the evolution of the materials, dress types (including the resurgence of kimonos and traditional outfits thanks to the TikTokers), and the art form, not only for dresses but also for ceremonial uses. A very rich and intricate tradition.
- **Art/Culture:** It seems like every aspect of living in Japan is like being part of a preordained cultural and artistic experience. Art and culture are the norm rather than the exception. Food, clothes, buildings, books, paper, pen, tea, meals, plates, cups, trains, cars, gardens, swords, shoes, candies, drinks, talking, malls, toilets, homes, shrines, temples, roads, saunas, music, painting, schools, road crossings, conductors in buses and trains, public transportation, pet hotels, 7-Eleven stores, fast-food restaurants, meditations, Geishas and their elaborate dresses and makeup, noodles, rice, vegetables, farming, fishing—nothing is an exercise in the ordinary. Every aspect of life has a higher order, and daily comportment adheres to unwritten rules and forms that celebrate a celestial cause. Your mind automatically expands to accommodate the exercise, but then again, you wake up to the hidden feelings and meanings of life often suppressed in the daily grind.
- **Salarymen (and increasingly Women):** Japan is full of dichotomy, and nowhere is it more evident than the behavior of co/office workers at work and after work at the bars! What was increasingly the domain of men has now been infiltrated by women.

(Increasingly, most of them are “postponing” marriage and hence bearing children, leading to a major decline of the native population. With some of the most restrictive immigration policies in the world, there's a fast-shrinking base of the working population.) But it is fascinating to see workers just letting go with drinks (beer, sake) and belting out songs, and then happily crashing into capsule hotels and showing up to work the next day as if nothing happened. For a country that is neat, clean, and order-driven, this controlled chaos in Karaoke bars and millions of restaurants serving everything under the sun is extremely noteworthy to study the changes of behavior within the general populace.

- **Demographics:** Japan is facing an existential crisis, i.e., not enough babies. The population has fallen below the replacement rate. A “silver tsunami” is in full swing, but then that is true for most rich countries where parents want to enjoy their newfound wealth and grandparents are done with “parenting.” The cost of raising a child does not help either. Add to that the growing burden of an urban population, and now we have exported the G-7 malaise to Japan (and Singapore and China, and coming soon to the U.S. and India). The government is reluctantly making it easier for migrants and immigrants to join the service sectors, i.e., jobs that the locals shun, like most advanced economies. Hence, large numbers of Southeast Asians can be increasingly found all over Japan, a welcome sign for Japan’s future prosperity and quality of life.

- **Industrial Ecosystem:** That Japan is a post-industrial marvel is evident the moment you land in Tokyo. For a place that was mostly wiped out in WWII, surrounded by the sea with nary a natural resource, the country is a wonder in the industrial world. How can it be the 4th largest economy in the world?





And as you ponder the question, it becomes evident why Japanese companies have a 100+ year strategy, making a 1% profit margin, and the policies of its central bank. We have all grown up with world-class Japanese companies: Sony, Toyota, Nikon, Kikkoman, and the list goes on. Between their trading houses and second-to-none manufacturing, the country has figured out critical components of the supply chain and then just dominates that niche with a relentless focus! But part of that process efficiency also comes from their cultural values of order and conformity.

- **Capsule Hotels:** Among many of its cultural exports (i.e., Pokémon, Manga, Pachinko, Bullet Trains, 7-Eleven), add to the list Capsule Hotels! All city centers are dotted with such an abnormality of miniature, box-sized sleeping quarters for a quick nap with minimum fuss and amenities—a product of space constraints, discretion, comfort, and affordability. And without such facilities, salarymen won't be belting out Karaoke songs late into the night over endless barrels of sake, Kirin, and Sapporo.
- **7-Eleven:** On that note, the country will not survive without its 7-Elevens in every neighborhood, office building, and village. It is almost a ritual to stop by there to and from work and get a bit of everything you need, including the best coffee, snacks, and lottery. They truly epitomize convenience!
- **Trains, Planes, Buses, Ropeways, and Ferries:** Just when someone tells you that it is not possible, take them to Japan. Their transportation system is literally a modern-day miracle. Like a finely tuned Swiss watch, the entire country is stitched together by an elaborate and giant transportation system that incorporates every means of mobility possible, all timed to the minute and second. Their train and its stations are like Disney World, full of amazement! The entire world is subterranean, where you can live and shop to your heart's content! Main stations like Shinjuku are as big as a city with over 230 entries and exits. Entire city centers are built on top. The most elaborate malls are around the train stations, including amazing food halls in the basement (local delicacies) and the topmost floor (food court and numerous restaurants). I loved the transportation passes like ICOCA. By the way, companies like JR (short for Japan Railways) own prized real estate and

now own amazing hotels and shopping complexes, all tied to the train stations. Finally, it is a must to travel through the local rush hour and through its bullet trains! It gives great insights into an amazing modern-day culture. I think if the country still used horses like the Shoguns, they would seamlessly integrate carriage systems into the modern infrastructure as well.

- **Lack of Sound:** And since we are on the topic of transportation, the first thing you notice is the eerie silence. The whole country is noise-free, from airports to markets to train stations. No one is on the phone while walking or in transit. No announcements. Just quiet. It takes a while to get used to not using your auditory senses, but then again, it forces you to be more aware of your surroundings and respectful of others' privacy and peace. I love it.
- **Food:** In the U.S., we are all so familiar with Sushi, Hibachi, and Teppanyaki, until you arrive in Japan. There are hundreds of other varieties, involving various forms of fish/seafood, wild/mountainous vegetables, all forms of noodles, a love for soup (hot/cold), an amazing love for Tempura (even restaurants just dedicated to this), stores/restaurants centered around Kobe/Wagyu beef-based food, and totally unfamiliar forms of sweets. It took me a while to find my comfort food, a bit disconcerting given the large number of options, but I loved my set menu of rice/warm noodles/soup/sushi/ and tempura. A number of highlights, including eating at a fast-food concept for the set meal, and amazing spicy soup from the north (Sapporo), and above all, the 20+ course Kaiseki dinner served at the Ryokan and dinner with Geishas. These ginormous meals are certainly not for us, but rather

the Shoguns and Sumos. (Big regret/disappointment—we could not attend one as the season was over.) One day I even ventured into a Japanese breakfast, so different from anything we have encountered. At once, you can sense the love for rice within the Japanese palate. By the way, Japan is the only country where all other forms of cuisine (e.g., Indian—majority run by Nepalese, Chinese, Italian) are totally Japanized. In all honesty, it takes a while to get used to the cuisine in Japan, but once you are set, you get hooked, particularly if you like seafood and beef. Dora and I would have Western breakfast, Japanese lunch, and then an international dinner at the local food court/mall every night! We hit all the palates in the day and added quite a few pounds to the belly, er, I mean, the hidden six-pack! I am still trying to get over the custom of wrapping each individual item (say an apple or a lemon)! By the way, you also notice no eating or drinking in public spaces like buses/trains or while walking. The entire country has no trash cans. You have to carry all trash generated until you can dispose of it at home or the hotel!

- Geisha: Come on, admit it! You are as fascinated by Ms. Geisha as I am, particularly if you have seen Memoirs of a Geisha, the Spielberg classic. We all have preconceived notions of the life of a Geisha and their role as a Courtesan—sharp, intelligent, keeper of secrets, advisor, and the occasional lover—no different than the time-immemorial Umrao Jaan and recent hit series Heeramandi. So, when I saw the option for a private dinner with a Geisha in the Gion District of Kyoto (the birthplace of this incredible but dying tradition), with about 300+ Geisha and a smaller number of Maiko (Geisha's in training) in the five districts around Kyoto, I signed us up immediately, even though it was an expensive proposition. It was a very busy day for us in Kyoto, having spent an hour with a Zen Master

doing meditation. What we were not prepared for was learning about the 20+ years of rigorous training in acting, dancing, singing, and hosting that these artists (yup, that is who they are) have to go through before they are allowed to practice as Geishas. While we had to converse with our hostess through our translator, it became evident within minutes that these amazing women are extremely intelligent, talented, and trained professionals who are operating at the top of their game. We exchanged a lot of shared interests around culture, music, and food and learned their fascinating stories about dresses, makeup, hair style, daily life, and objects of curiosity; I could have talked to her for another four hours! In a sense, I am sad that their professional rank is dwindling, but at the same time happy that they can make a great living through their art form, even though they are now more of an object of curiosity and entertainment for tourists than an integral part of a bygone era. Nevertheless, I would not trade this experience for any other in Japan!

- **Mt. Fuji/Nara/Buddha/Deer/Onsen/Ryokan:** There are certain artifacts that hold a mythical status in Japan. You cannot go anywhere without Mt. Fuji and various statues and teachings of Buddha leading your way of life. It was quite heartening to see how Japan (and for that matter, other Southeast Asian countries) have adopted Buddha as their own. While they all know and understand Buddha's historical connection with India, over the centuries, Buddha might as well be a local than a historical figure from a far-away land. The only visible trace of Buddha and India is on display at Nara, where a gigantic Ashoka Pillar is installed right outside the Giant Buddha Complex! And talking about Nara, man, I have never seen 10,000 deer running havoc through a town. Fascinating. On that point, no trip to Japan is complete without an obligatory stay at a Ryokan (old historic Inns, with awesome Kaiseki

meals, sleeping on the floor, and fantastic Onsens). And yes, taking a regular bath in an Onsen is truly magical. After the first few, I really started missing them on the rest of the trip.

- **Peace/Hiroshima:** If there is one experience that stands over and above anything we did in Japan, or will ever do in the future, it was visiting Hiroshima. Just the name itself conjures history and emotion that is hard to describe and fathom. No matter how many times we visit the city, the monuments, the Peace Museum, and every other artifact that reminds us of the atomic blast over the city, it will never be enough to comprehend the lived experience. The blast pulverized and totally wiped out everything within a 10km radius of the hypocenter. At once the most horrendous single act in modern human history, the past 70+ years have been nothing short of a miracle, rekindling hope and faith in humanity. If not for the still-intact, on-purpose, A-Dome, no visitor would ever know what happened in Hiroshima. Like the rest of post-war Japan, the entire city has been rebuilt from the ground up. Going to the Peace Museum, like the experience at Yad Vashem in Jerusalem, is overwhelmingly powerful, and the images will stay with you for the rest of your life as a necessary reminder that we human beings are our own greatest enemy. If I had the power, every school child before graduation would visit Hiroshima, for that would be the greatest education and deterrent to our own destruction. However, today the message from Hiroshima is one of peace, hope, and resilience and what is possible for those who want to learn and understand what it means to be human and our role in this cosmic play.

Japan is at once complex and simple, old and new, clear and mysterious, and like other ancient cultures, an intricate composition of many layers of civilization and humanity. Japan

is still for the locals, where foreigners are allowed to participate without the Japanese changing their way of life. Part of the lure is still to feel as an outsider in an increasingly interconnected, Anglicized, and global community! You can feel some visible accommodation of English and the needs and wants of tourists, but that is still on the edges in the big cities. It will take multiple visits and experiences to fully appreciate this incredible country with its amazing people and culture. Look out for future posts, particularly after we visit Tokyo and the North! Until then, Sayonara!



আমাদের গল্প

-দীপা ভট্টাচার্য



তুমি ডেকেছিলে জোছনার সমাহারে তোমার শহরে
তাই আমি ছেড়ে এসেছি ঘরের নিবিড়, প্রিয় কোলাহল
সোনালি বিকেল আর নগরের ভিড়
বারান্দার গাছের মায়া, খোলা জানালা,
বন্ধ দুয়ার, আরও কত কি!
শুধু তুমি ডেকেছিলে বলে
আলগোছে উড়িয়েছি রঙিন সময়।
তারপর তোমার শহরে কেটে গেছে হাজারো আলোকিত দিন
তুমি প্রিয় থেকে প্রিয়তম হয়ে বাড়িয়ে দিয়েছ ঋণ।
বিশ্বাস কর তোমার চেয়ে এ শহরে আমার প্রিয় কিছুই নেই
শুধু তুমি আছো বলে ঝরা পাতার রঙ আর আদুরে বরফে
আমি খুশির কবিতা লিখে দিই।
এভাবেই এলেবেলে শব্দে লেখা হবে গল্প আমাদের
তুমি যেন হয়ে ওঠো সবচেয়ে প্রিয় অধ্যায় সেই গল্পের।

নোটঃ এই কবিতাটি আমাদের ১৫ তম বিবাহবার্ষিকী উপলক্ষে লিখেছিলাম।

সময়ের গান

-বিধান রায়

বুড়ো পাতা যাও ঝরে
থেকো না তো আর জুড়ে,
যেথা খুশি যাও উড়ে।
জুড়ে থেকে মাথা ভারি
শুধু কথা কাজে আড়ি,
অভিমান মন জুড়ে।

নিজ গুণে বড়ো তাজা
আসলে তো তেলে ভাজা,
জবুথবু, পায়া ভারী।
আজ তাজা কাল ভেজা
ন্যাকামিতে পায় মজা,
কথায় কথায় আড়াআড়ি।

ঝরা পাতা তুমি ঝরো
কথা নয় কাজ করো,
বাধা নয় চলার পথে।
আমরা ভোরের আলো
ধুয়ে মুছে দেব কালো,
ভাঙ্গা গড়া হবে এক সাথে।

বাধা নিষেধ মাথায় করে
থাকবো না তো বদ্ধ ঘরে,
চলব একা অন্ধকারে।
জানালাটা রাখব খুলে
দক্ষিণ হাওয়া ঢুকবে দুলে,
ফুটে রবো রঙ বাহারে



জেগে উঠা এই সবুজ
একটু কাঁচা একটু অবুঝ,
ভাঙবে অচল পথ।
জেগে থাকা প্রাণে ভয়
ডেকে আনে অবক্ষয়,
নিয়েছি সামনে চলার শপথ।


গুনগুন গান গেয়ে
ভরা নদী পার হয়ে,
যতই কঠিন পারাপার।
বুড়ো তুমি কিচিমিচি
সবেতেই হাঁচাহাঁচি,
বাড়িও না যাবার সময় আর।

ঝরে যায় বুড়ো পাতা
জেগে উঠে স্মৃতি কথা,
দু:চোখ ভরে জলে।
সময়ের চাকা ঘুরে
তুমিও থাকবে না জুড়ে,
সেদিন আসছে বলে।



Sunset hues drape the San Diego Peir, Where sea and sky meet in a tranquil embrace.

Photo-**Rudradip Pattanayak**



Two playful seals exchanging secrets at La Jolla, CA.

Photo-**Rudradip Pattanayak**



Brown Pelicans at La Jolla, CA.

Photo-**Rudradip Pattanayak**

কুমান্ডি কান্ড

-অন্বেষা রায়

ছোটবেলা থেকেই আমার পায়ের তলায় সর্ষে! তখনও তেমন বড় হইনি, কলকাতার পুজো বুঝবার মতো বয়স হয়নি বলে প্রতি পুজোতেই বেড়াতে বেরিয়ে পড়তাম বাবা-মায়ের সাথে। বাবা আর তরুণ কাকুর সৌজন্যে বহু অচেনা, অফবিট জায়গায় যাওয়ার সুযোগ মিলত। তেমনই এক জায়গা ছিল ঝাড়খণ্ডের কেচকি। বুদ্ধদেব গুহর "কোয়েলের কাছে" উপন্যাস থেকেই এই জায়গার খোঁজ মেলে, সালটা ১৯৯৬ বা ১৯৯৭ হবে।

ভীষণ আনন্দ লাগত ট্রেনে রাতের বেলা যখন বাবা আর কাকুকে দেখতাম সাইড লোয়ার বার্থে সার্ভে অফ ইন্ডিয়ার বিরাট ম্যাপ খুলে নানা আলাপ-আলোচনা করতে। পরদিন স্টেশন থেকে আমরা সোজা গিয়ে উঠলাম সিইএসসির হলিডে হোমে। চারদিকে টাঙানো সত্যজিৎ রায়ের নানা ছবি। জানা গেল 'অরণ্যের দিনরাত্রি' শ্যুটিংয়ের সময় এই বাড়িতেই তিনি মাঝেমধ্যে বিশ্রাম নিতেন। কিছুদূর যেতে দেখা মিলল কেচকি ফরেস্ট রেস্ট হাউস আর পাশেই সেই ইঁদারা—যেখানে সৌমিত্র চট্টোপাধ্যায়, শুভেন্দু চট্টোপাধ্যায় আর রবি ঘোষের স্নানের বিখ্যাত দৃশ্যটি শ্যুট হয়েছিল।

ঐদিন বিকেলে সাধনবাবু ওনার জীপে করে নিয়ে গেলেন বেতলা ফরেস্ট যেখানে সাদা-মোজা পরা বাইসন আর গায়ে লাল মাটি মেখে একটা হাতির মটাস মটাস করে গাছের ডাল ভাঙতে দেখে আমরা রীতিমতো উত্তেজিত।

পরদিন বাবা আর কাকু আমাদের নিয়ে বেরিয়ে পড়লো কুমান্ডির উদ্দেশে। বুদ্ধদেববাবুর উপন্যাসে এই জায়গার নাম ছিল 'রুমান্ডি'। কিন্তু কুমান্ডির বাঙালি স্টেশনমাস্টার কিছুতেই আমাদের যেতে দেবেন না। বললেন, "ওখানে দেখার কিছু নেই, ভিসিডি এসেছে, আজ সপ্তমীর সন্ধ্যায় সবাই বসে সিনেমা দেখবো, চলুন"। যেন কলকাতা থেকে আমরা শুধু ভিসিডিতে সিনেমা দেখতে এসেছি!

আমরা হাঁটা ধরলাম কুমান্ডির বাংলোর দিকে। মনে আছে—চারদিক সাদা সাদা বাকলে ঢাকা, লম্বা লম্বা শাল-সেগুনের জঙ্গলের ভিতর সরু পথ ধরে চলেছি। মাঝে কোনো একটা ধানের খেতের ধারে এলাম, ঝর্ণা পিসির কথায় কচি ধানের শিষ তুলে মুখে দিয়ে তো অবাক—এত মিষ্টি হয় জানতাম না!

পথে চলতে চলতে কখনও গাইছি 'পথের ক্লান্তি ভুলে', কখনও 'এই ছোট্ট ছোট্ট পায়ে', আবার কখনও মেতেছি মেমোরি গেমে। কখন যে বাংলোর সামনে পৌঁছে গেছি, ৫-৬ ঘণ্টার হাঁটার

ক্লান্তি বাবার আর কাকুর গল্পে উড়ে গেছে বুঝতেই পারিনি।

স্টেশনমাস্টারের খবর পেয়ে বাংলোর চৌকিদার চম্পু আমাদের অপেক্ষায় বসে। মস্ত দরজা খুলে দিল ঠিক যেন ড্রাকুলার গল্পের মতো 'ক্যাঁচ' শব্দ করে। কফিনের মতো বড় বাক্স খুলে বের করে দিলো ব্রিটিশ আমলের ক্রোকারি-কাটলারি সেট। কাকু হাতে টাকা দিয়ে চম্পুকে পাঠালো চাল, আলু, ডিম কিনে আনতে। ফিরে এসে রান্নায় লেগে গেল সে, বাবা-কাকুর তদারকিতে।

অন্ধকার নামতেই চারদিক ঝিঁঝি পোকার ডাক যেন তীব্র হয়ে ওঠে। আমি আর দোলন ভয় পাচ্ছি—ফায়ারপ্লেসের ভিতর থেকে মাঝেমধ্যেই চামচিকে বেরোচ্ছে, ঘরের মধ্যে চক্কর দিচ্ছে। ওদের রাজ্যে আমাদের অনধিকার প্রবেশ কিনা!

চম্পুর হাতে অসাধারণ ডিমের ঝোল-ভাত খেয়ে শোবার প্রস্তুতি এবার। ঠিক হয়েছিল—দুই পরিবারের জন্য আলাদা ঘর, কিন্তু রাতে বাইরের খুটখাট শব্দ আর অন্ধকারে কাঁচের দরজার বাইরে দূরে টর্চের আলো দেখে বাবা আমাদের ফিসফিস করে বললো—সবাই এক ঘরেই শোবে, কেউ কোনো শব্দ করবে না। পরে জেনেছিলাম—জায়গাটি ছিল তখন প্রবল মাওবাদী প্রভাবিত এলাকা! এই কারণেই স্টেশনমাস্টার নিষেধ করছিলেন কিন্তু মুখে প্রকাশ করেন নি।

ঘুম ভেঙে সকালে মিষ্টি, ঠান্ডা হাওয়ায় মনটা ভরে গেল, ছোট্ট দোলন তখনও ঘুমোচ্ছে। বলা হল চুপ করে বসে পাখির ডাক শোনো, দূর থেকে কোনো ঝোরা থেকে কুলকুল আওয়াজ আর বাছুরের গলায় বাঁধা ঘন্টার টুংটাং শব্দ যেন আমাদের আচ্ছন্ন করে দিলো।

আমি আর ছোটন হঠাৎ বিলের মত ধ্যান ধ্যান খেলায় মেতে উঠলাম—"বিবেক দাও, বুদ্ধি দাও, বৈরাগ্য দাও।"

বেড়াতে গেলে আমাদের প্রবণতা ছিল—জল দেখলেই নেমে পড়া। এখানে এসে আমাদের সাক্ষাৎ হয় কোয়েল ও ঔরঙ্গা নদীর সঙ্গে। বাবারা দূরে সাঁতার কাটছে, আর আমরা বালি নিয়ে দুষ্টুমি করছি দেখে মা আমাদের নিয়ে ফিরছে নদীর পাড় ধরে। হঠাৎ হাঁটতে হাঁটতে মা গিয়ে পড়ে চোরাবালির কবলে। তবে শেষ রক্ষা করেছিল দুষ্টু ছোটনই। পরে জেনেছিলাম—কোয়েল-ঔরঙ্গা নদীর ঐ সঙ্গমস্থলের অনেক অঞ্চলে চোরাবালির বাস। মা মজা করে বলল—"এই যাত্রায় বেঁচে গেলাম রে, তোর বাবার কপালটাই খারাপ!"

এবার ফেরার পালা। ফেরার পথে বাবা গেল আমাদের জন্য খাবারের খোঁজে। স্টেশনে বসে সবাই অপেক্ষা করছিল। আমি, ছোটন আর দোলন লুকোচুরি খেলায় মেতেছি। প্রথমে সব

ঠিকই চলছিল—কেউ বেঞ্চের পেছনে, কেউ দোকানের আড়ালে...কিন্তু হঠাৎ ছোটন গায়েব! অনেক খুঁজেও না পেয়ে যখন মায়েদের জানাতে যাচ্ছি, তখন দেখি—শ্রীমান মালগাড়ির তলা দিয়ে বিপরীত প্রান্তে গিয়ে লুকিয়েছে, আর এখন আবার একই পথে ফিরছে!



সমস্যা হল, মালগাড়ি তখন ধোঁয়া তুলে, শব্দ করে, প্রায় চলতে শুরু করলো বলে!

আমার তো চক্ষু চড়কগাছ! হঠাৎ কাকু দৌড়ে এসে সপাটে একখানা চড় ছোটনের গালে।

ছোটনের কী হল মনে নেই, কিন্তু দোলন তার দাদার ব্যথায় ব্যথিত হয়ে 'ভ্যাঁ—আঁ' করে কেঁদে দিল! আর আমি? হাঁ করে থতমত খেয়ে দাঁড়িয়ে রইলাম!

এবার একটা মালগাড়ি আসতেই স্টেশনমাস্টার বললেন— "আপনারা গার্ডের কেবিনে উঠে যান, রায়বাবুকে ইঞ্জিনে তুলে দেব।" মালগাড়ি ছেড়ে দিল, বাবা তো উঠলোনা—আমার কান্না পেয়ে গেল! মাঝপথে কোথাও থামতেই দেখি বাবা লম্বা মালগাড়ির শেষ প্রান্ত থেকে দৌড়ে আসছে! এসে গরম কচুরী-তরকারি-জিলিপির ঠোঙা সমেত নিজের শরীরটা কোনমতে টেনে তুলে ঘেমে-নেয়ে, হাঁপিয়ে একসা! আর আমরা খাবার পেয়ে শুরু করে দিলাম পাখির ছানার মতো কিচিরমিচির!

হয়তো আমার এই ভ্রমণকাহিনি সবার কাছে সাধারণ মনে হবে, কিন্তু আমার ছোটবেলার এই খণ্ড খণ্ড স্মৃতি—ট্রেনের ভিতর ম্যাপ খুলে আলোচনা—শাল-সেগুনের জঙ্গলের সরু পথ—বেতলার বাইসনের দল—চামচিকে ভরা বাংলো—কোয়েল নদীর শীতল জল—চোরাবালির ভয়—ছোটনের মালগাড়ির তলায় লুকোচুরি খেলা, আজও গরম জিলিপি-ভরা ঠোঙ্গার মতোই আকর্ষণীয়—আমার জীবনের অনন্য সম্পদ—মন-সিন্দুকে সযত্নে রাখা অমূল্য কিছু স্মৃতির পাথর॥

পুনশ্চ: তখন তো আর ক্যামেরা ছিলোনা তাই আমার কুমান্ডি ভ্রমণের ছোট ছোট নানা স্মৃতি মাথায় ঘোরা-ঘুরি করে আজও, সেই মন ক্যামেরা থেকে এঁকে রাখলাম এই ছবি॥

এসো মা লক্ষ্মী বসো ঘরে

-পিয়ালী দাস

আজ যে গল্পটা বলব, তার মধ্যে লুকিয়ে আছে অনেকগুলো ছোট ছোট গল্প, ছোট ছোট জগৎ, ছোট ছোট অনুভুতি। গল্প বলছি ঠিকই, তবে এটি কিন্তু গল্প হলেও সত্যি। চল তবে শুরু করা যাক—

আমার বাবা (বাপি) ছিলেন কট্টর বামপন্থী, সত্তর-আশি দশকের সময় সক্রিয় রাজনীতির সাথে যুক্ত থাকা আদর্শবাদী একজন মানুষ। কাজেই আপাদমস্তক নাস্তিক যাকে বলা যায়।

উল্টোদিকে সাধারণ বাঙালি মধ্যবিত্ত পরিবারে বড় হয়ে ওঠা আমার মা যেমন পুজোআচ্চার প্রতি আগ্রহী হয়ে থাকে সেরকমই ছিলেন।

বাপি পরিবারের সর্বকনিষ্ঠ পুত্র হওয়ার দরুন মায়ের কথা ফেলতে না পেরে গলায় গামছা দিয়ে মন্ত্র পড়ে বিবাহটা করে ফেলেছিলেন ঠিকই, কিন্তু বিবাহ পরবর্তীকালে ঘরে আর কোনও পুজো হবে না এইরূপ ফরমান জারি করলেন (যদিও সারাজীবনকাল এই আচার মেনে বিয়ে করার জন্য আমার মায়ের কাছে খোঁটা খেয়ে গেছেন লোকটি)। কাজেই ছোট থেকেই আমরা বাড়িতে কখনোই নিত্যপুজোর ঠাকুরের আসন দেখিনি।

তবে মা বছরের দুটি দিনে ব্যাগড়া বাঁধাতেন— এক লক্ষ্মীপুজো, আর দুই সরস্বতীপুজো। লক্ষ্মীপুজো কেন করতেই হবে তার সঠিক কারণ আমার জানা ছিল না (সম্ভবত কিঞ্চিৎ অর্থ লাভের আশায়)। তবে সরস্বতীপুজো করলে আমাদের তিনবোনের লেখাপড়ায় উন্নতি হবে, তাই ইহা অতি অবশ্যই করতে হবে, এটাই মায়ের মুখে শুনে এসেছি।

মায়ের পুজো পণ্ড করার উদ্দ্যেশে বাপি বিভিন্ন রকম ফন্দি আঁটতেন। আমাদের তিনবোনকে বহু যুক্তি দিয়ে বোঝানোর চেষ্টা করতেন যে, ঠাকুর বলে কিছুই হয়না। কতবার বলতে শুনেছি, "এত কষ্ট করে উপোস করে পুজো করবি কেন রে, তার চেয়ে প্রসাদে যা যা দিতে চাস, ফল, মিষ্টি, আমি এমনিই এনে দেব, পেট ভরে খাস, ওসব পুজো-টুজো করার দরকার নেই"।

আমার শিশুমন তখন অতসত বুঝতো না, বরং বলা ভাল বুঝতে চাইত না। পুজোর আয়োজন, সাজ সরঞ্জাম, বাড়িময় হইচই, বছরের বাকি গতেবাঁধা দিনগুলোর চেয়ে খানিক ভিন্ন স্বাদের একটি দিন উপভোগ করতে বেশ ভালোই লাগতো। কাজেই বাপির কথা 'এক কর্ণ হইতে প্রবেশ করিয়া অপর কর্ণ হইতে বাহির হইয়া যাইত'। এবং মায়ের সাথে আমরা সকলে আয়োজনে ব্যাস্ত হয়ে পরতাম। আমার মনে আছে, ক্লাস ৬-এ পড়াকালীন আমি প্রথম উপোষ করেছিলাম কোজাগরী লক্ষ্মীপুজোতে। আমাদের পরিবারের লক্ষ্মীপুজোয় অনেক আয়োজন ছিল।

কাজেই সকাল থেকেই দহরম-মহরম লেগে যেত। সকাল সকাল ঘুম থেকে উঠে স্নান করে সারা ঘরময় আল্পনা দেওয়া থেকে শুরু করে পুষ্পপত্র সাজানো, লক্ষ্মীর ঘট বসানো, মায়ের হাতে হাতে নাড়ু পাকানো, সবই চলত। দুপুরের পর সব বাড়ী থেকে ভেসে আসত ডালডায় ভাজা লুচির গন্ধ। তখন মনে হত, এইত আর কয়েক ঘণ্টার অপেক্ষা, তারপরেই সিন্নি থেকে সুজি সব খেয়ে পেট ভরিয়ে ফেলব।

এইভাবেই বছরের পর বছর পেরিয়ে গেছে আর বাপিও ভগবান এর অস্তিত্ব সম্পর্কিত নিজস্ব ধারনা আমাদের মধ্যে সঞ্চালনের নিরলস প্রচেষ্টা চালিয়ে গেছে।

এবার আসি অন্য কথায়। ছেলেবেলা হইতেই আমি মহাসাজুনি— ইহা সর্বজন স্বীকৃত। আমার মেজো দিদির বিয়ের সময় থেকে এই সাজগোজ ব্যাপারটির আবার একধাপ বিকাশ ঘটে। পালক সদৃশ যুক্ত হয় সোনার গহনার শখ। লোকে বলে যেকোনো শখ নাকি অনুকূল জলবায়ু পেলে সমৃদ্ধ হয়ে ওঠে। আমার বিয়ের পর আমি সেই অনুকূল পরিবেশের সন্ধান পেলাম। শাশুড়ি ও ননদিনীর সান্নিধ্যে সখের পরিপূর্ণতা ঘটল। আমার গহনার প্রতি আকর্ষণ এমন পর্যায় পৌঁছল যে তা দেখে পতিদেব একদিন ঠাট্টা করে বলেই বসলেন "একটা এক্সট্রা আঙ্গুল বানিয়ে নে আংটি পরার জন্য"।

যাইহোক, এইসব চলতে চলতেই আমেরিকায় পাড়ি দিলাম। বছর ঘুরতে কন্যারত্ন ঘরে এলো। যখন তার দেড় বছর বয়েস, আমি সবে সবে গবেষণার কাজ শুরু করেছি। এরকমই একদিন কাজ থেকে বাড়ি ফেরার পথে হঠাৎ আবিষ্কার করলাম আমার দক্ষিণ হস্তের তর্জনীতে থাকা আংটিটি উধাও। মাথায় বাজ পড়ল। বাড়ি থেকে ল্যাবের রাস্তা ধরে দু চার বার পাক খেয়েও লাভ হলনা। গ্লাভসের সাথে বেঁধে ল্যাব এর আবর্জনায় স্থান পেল কিনা সেই সম্ভবনায় কুঁড়াপাত্রটিও খতিয়ে দেখা হল। ঘরে ফিরে খড়ের গাদায় সূই খোঁজার মত খানা তল্লাশি চললো। খোঁজ মিলল না তাতেও। চোখের জলে, নাকের জলে করেও লক্ষ্মীদেবীকে প্রসন্ন করা গেল না। সেই আংটির হদিশ পাওয়ার আশা আত্মহত্যা করলো।

ইতিমধ্যেই পাঁচ ছয় মাস কেটে গেল। কন্যার তখন দুরন্ত দশা চলছে। দুবছর হবে হবে, সারা ঘর দাপিয়ে বেড়ায়, হাতে পায়ে যেন লক্ষ্মী একেবারে। পারলে দেওয়াল বেয়ে উঠে পড়ে মাকড়সার মতো। সকলের অগোচরে সাড়া শব্দহীন ভাবে দুই মিনিট থাকলেই বোঝা যায় যে কিছু একটা অঘটন ঘটেছে।

এমত অবস্থায়, দুর্গাপুজো পেরিয়ে লক্ষ্মীপুজোর দিন এসে উপস্থিত হল। আপাতভাবে আমি ধার্মিক কিনা যদিও তা বিশেষ তাৎপর্যপূর্ণ নয়, তবু ভগবানের নাম জপের মাধ্যমে মনোবাসনা

পূরণের ভ্রান্ত ধারণায় যেমন আমি বিশ্বাসী নই, ঠিক তেমনি কৃতকর্মের ফলস্বরূপ ভগবানের দ্বারা শাস্তি পাওয়া অনিবার্য, ইহাও স্বীকার করি না। তবে প্রতিটি দেশ, সমাজ, পরিবারেরই নিজস্ব কিছু সংস্কৃতি থাকে, সেটির সাথে আমাদের পরবর্তী প্রজন্মকে পরিচিত করানোর উদ্দ্যেশে ঘরে অল্প কিছু আয়োজন এর মাধ্যমে বছরের কয়েকটি পুজোর আয়োজন করার চেষ্টা করি। এইরকমই লক্ষ্মীপুজোরও আয়োজন করলাম সেই বছর।

পুজোর দিন সন্ধ্যাবেলা ফলপ্রসাদ সাজিয়ে, পাঁচালি পড়ে ঘরে সবে ধূপ দেখিয়েছি। ফল, মিষ্টি, ফুল, কর্পূর, ধূপ এর গন্ধ সব মিলেমিশে এক অদ্ভুত মিষ্টি অনুভূতির সৃষ্টি করেছিল, যা অনুভব করতাম ছোটবেলা থেকেই। কিন্তু বাপিকে কোনদিনই বলে উঠতে পারিনি যে শুধু ফল মিষ্টি খাওয়ার মধ্যে সেই অনুভূতিটার স্পর্শ পাই না।

ধুপবাতিটা রেখে স্পিকারে গান চালালাম, "**এসো মা লক্ষ্মী, বসো ঘরে**"।

এবার শোয়ার ঘর থেকে বসার ঘরের দিকে পা বাড়িয়েছি, এমন সময় দেখলাম, কন্যা আমার ঘরের এক কোণায় চুপ বসে কিছু করছে। খানিকটা এগিয়ে গিয়ে কি মনে হলো— 'দেখি তো আবার কি ঘটাচ্ছে', এই ভেবে পিছিয়ে এলাম। "কি করছিস রে?" বলতে নিয়েছি, এরই মধ্যে ও আমায় আসতে দেখে টপ করে উঠে দাঁড়িয়ে, আমার দিকে কিছু একটা ছুঁড়ে মেরে হাসতে হাসতে পালিয়ে গেল। কি ফেললি বলতে না বলতেই তাকিয়ে দেখি আমার সেই হারিয়ে যাওয়া স্বর্ণ-অঙ্গুরীয়।

ও আংটিটি কোথায় পেল, কিভাবে পেল, এবং কবেই বা পেল, সেই প্রশ্নে আর যাচ্ছি না। ঈশ্বর আছেন, কি নেই, বাপির মতো সেই বিতর্কেরও উন্মোচন করছি না। তবে ওই কোজাগরী সন্ধ্যায় যে মিষ্টি আবহের সৃষ্টি হয়েছিল, সেই আবেশ আজও আমার মননে নিজ গরিমায় প্রতিষ্ঠিত।



Illustration by
Arnab Mukherjee

ঠিকানা

-কুমাররজিৎ ব্যানার্জী

তোমার দুটি চোখের তারায়;
আজও বোকা মন ঠিকানা হারায়,
কোনো পাহাড়ি পথে কুয়াশায়-
খুঁজেছি তোমায়, শুধু তোমায়।
ওই স্নিগ্ধ ঠোঁটের ইশারায়;
আজও স্বপ্নেরা ডানা ঝাপটায়,
রোদ্দুর মাখা মায়া জোছনায়-
খুঁজেছি তোমায়, শুধু তোমায়।

তুমি ঘরে ফেরা পাখিদের গান,
কোনো না-ফোটা কুঁড়ির অভিমান,
তুমি ঘামে ভেজা শহরতলির-
কোনো তরুণের মুশকিল আসান।
তুমি রাত জাগা তারার নীল,
তুমি প্রতিবাদ, মৌন-মিছিল,
তুমি হাজার বছর ধরে,
প্রেমিকের অন্তরে-
সরল অথচ সাবলীল।

তোমার আঙুলের আলতো ছোঁয়ায়,
আজও মৃত মন প্রাণ ফিরে পায়,
ভালোবাসা ঘেরা চেনা আঙিনায়-
পেয়েছি তোমায়, শুধু তোমায়।

Thinking of buying a home?

Your journey to home ownership beings with us!

We specialize in educating and advising first-time home buyers.

Loan options, down payment assistance, closing costs, home values, so many questions- we have answers!!

Stop paying rent and call us to begin your path toward home ownership!

kw KELLERWILLIAMS.

RICHARD JACKS ASSOCIATES
205.910.2297

মধ্যরাতের সূর্য: এক অলৌকিক অভিজ্ঞতা

-জবা চৌধুরী

এমনটা আগে কখনো হয়নি। এবার গরমের ছুটি কাটিয়ে বাড়ি ফেরার পর থেকে আটলান্টার গরমকালটা কেমন যেন এ'বছর অদ্ভুত রকম লাগছে। গরম আছে ঠিকই, কিন্তু মনটা পড়ে আছে অনেক দূরে, একেবারে আর্কটিক বৃত্তের ভিতরে — ট্রমসোতে! সবে ফিরেছি। লাগেজের গন্ধেও এখনো নরওয়ের পাহাড়ি হাওয়া লেগে আছে বলেই মনে হচ্ছে।

শুধু আমি নই। আমার বর স্বপন, এমনকি আমাদের ছেলে তুতাইও বলছে একই কথা। "ঘরে এসেও মনে হচ্ছে এখনও আমরা ওখানকার সেই Airbnb বাড়ির বারান্দায় দাঁড়িয়ে—ফিয়র্ডের জলরঙের মত নীল হ্রদটাকে দেখছি।"আমি হেসে বললাম, "আর আমিও চোখের সামনেই যেন দেখছি তোমরা বাবা-ছেলেতে অবিরাম ছবি তুলে চলেছ---কখনো নীল জলে জেগে ওঠা ছোট ছোট ঢেউয়ের আবার, কখনো সেই ঢেউয়ে ভেসে চলা রাজহাঁসগুলোর।"

আমাদের এই ভ্যাকেশন এতোটাই অন্যরকম ছিলো যে --- তার স্মৃতি যেন বিন্দুমাত্রও হারিয়ে না যায় সেজন্য সারাদিনের ঘোরাঘুরির মধ্যেও স্বপন মাঝেমাঝেই আমার নোটবই আর কলমটা হাতে ধরিয়ে দিত। আমার কাছের লোকজনেরা জানে, বেড়াতে যাবার নামেই একখানা নোটবুক আর কলম আমার সঙ্গী হবেই!

ছোটবেলায় আমরা উত্তর মেরু আর দক্ষিণ মেরুর কথা স্কুলের ভূগোল পাঠ্যবইয়ে পড়েছি সবাই। আর্কটিক সার্কেল হল দুটি মেরু বৃত্তের মধ্যে একটি, এবং পৃথিবীর মানচিত্রে প্রায় 66° 34' উত্তরে দেখানো পাঁচটি প্রধান অক্ষাংশ বৃত্তের মধ্যে সবচেয়ে উত্তরে অবস্থিত। এর দক্ষিণ প্রতিরূপ হল অ্যান্টার্কটিক সার্কেল। সেই উত্তর মেরুর আলো নিজের চোখে দেখার কথা নোটবুকের পাতায় অক্ষরে ধরে রাখার ইচ্ছেটা আমার হাজব্যান্ড আর ছেলের ইচ্ছেতে আরও প্রখর হয়েছে --- এতে কোনো সন্দেহ নেই। এটা সত্যি যে, রোজকার ব্যস্ত জীবনে অনেক ছোট ঘটনা সময়ের সাথে হারিয়ে যায়। কিন্তু আমার এই ছোট্ট জীবনে নরওয়ের ট্রমসো তার প্রাকৃতিক সৌন্দর্য নিয়ে স্মৃতিতে বেঁচে থাকুক --- এটা ভেবেই আমার কলম হাতে তুলে নেওয়া। স্মৃতিকে শব্দে বেঁধে রাখার এটি একটি প্রয়াস ছাড়া আর কিছুই নয়।

ভ্যাকেশন শেষে ফিরে আসার পর থেকে আটলান্টার সামার বা গরমকালটা যেন এবছর অদ্ভুত রকম ঠাণ্ডা ঠাণ্ডা লাগছে। সূর্য আছে, আলোও আছে, কিন্তু মনটা যেন কোথায় হারিয়ে গেছে। আমরা সবে' ফিরেছি বলেই ট্রমসো, নরওয়ের এই ছোট্ট, শান্ত সেই শহরটি যেন এখনও

রয়ে গেছে চোখের পাতায়, গায়ে লেগে থাকা ঠাণ্ডা বাতাসের মত।

ট্রমসোর গরমকাল মানেই একটানা পুরো ঋতু ধরে শুধুই দিন। সূর্যের অস্ত যাবার কোনো নামই থাকে না তখন। খুব অবাক লাগছে, তাই না? অবাক লাগারই কথা। এ যে প্রকৃতির এক বিস্ময়! তবে যতবারই আমি সেই ছোট্ট শহরটির কথা ভাবি, মনে হয়, এতো এতো আলোয়ও সে শহরের ভেতরে কোথায় যেন ছিল এক নিঃশব্দ গভীরতা।

স্বপন প্রতি বছরই অনেক আগে থাকতেই পরবর্তী ভ্যাকেশনের পরিকল্পনা শুরু করে দেয়। এটা ওর অনেকদিনের অভ্যেস। বুঝতে পারি, চোখের সামনে তেমন একটা প্ল্যান থাকলে বিদেশের জীবনে প্রতিদিনের কাজের ব্যস্ততা একটা উৎসাহ নিয়ে সহজে পেরোনো যায়। তাই এভাবেই শুরু হয় আমাদের অদেখাকে দেখার ইচ্ছের বাস্তব রূপায়ণ।

'এবার অচেনা পথে হোক যাত্রা।' এ ভাবনাকে মাথায় রেখে, অফিসিয়্যালি আমাদের গরমকাল শুরু হবার মাস-খানেক আগে থেকেই আমাদের বাড়িতে শুরু হয়েছিলো নানারকম রিসার্চ। শুধু অচেনা জায়গায় হলেই চলবে না। আমরা সবাই ভালোবাসি ইঁট, কাঠ, পাথরের জগতের বাইরে গিয়ে জল, পাহাড় আর প্রকৃতির মাঝে কয়েকটা দিন কাটাতে। তবে, এসব রিসার্চ থেকে আমাকে বেশ খানিকটা দূরে রাখা হয়। কারণ, স্বপন সবসময় আমাকে সারপ্রাইজ দিতে খুব ভালোবাসে। যদিও আজকাল ছেলে আর মেয়ে নিজেদের মধ্যে সবটা এক্সসাইটমেন্ট ধরে রাখতে না পেরে কিছু খবর আমার কানেও পৌঁছে দেয়। তখন আমিও কিন্তু গোপনীয়তা রক্ষা করি একশ'ভাগ। সারপ্রাইজটাতে জল ঢেলে দেওয়া মোটেই ঠিক নয় বলে আমি মনে করি। কী, ঠিক করি তো?

ঠিক হলো নরওয়ে বেড়াতে যাওয়া হবে। ওসলো হয়ে যেতে হবে ঠিকই। কিন্তু সেখানে থাকার কোনো ইচ্ছে ছিল না আমাদের। আমাদের প্ল্যান ছিলো একেবারে উত্তরে ---ট্রমসোতে যাবার! ততক্ষণে এসব চিন্তা ভাবনার মধ্যেই সারপ্রাইজের উপহার বাক্স আমার হাতে এসে গেছে! খুশিতে আমি সত্যিকরেই তখন আত্মহারা! নরওয়ের নাম শোনা থেকেই ছোটবেলায় পড়া 'নিশীথ সূর্যের দেশ' কথাটি বারবার মনে আসছিলো। তখন শুধুই মনে হতো এমন অবিশ্বাস্য দেশটিকে যদি কখনো গিয়ে দেখে আসা যেত! এতো যুগ পরে সেই স্বপ্নই এবার সত্যি হতে চলেছে! খুশিতে এই বুড়ো বয়সেও আমার

যেন মাটিতে পা পড়তে চাইছে না! সেই কল্পনার দেশে ঘুরে বেড়াতে শুরু করে দিলো আমার মন। গুগলে ছবি দেখে মনে হয়েছিল যেন রূপকথার কোনো দেশ --- যেখানে পাহাড়, জল, আর

আলো একে অপরের সঙ্গে নৃত্য করছে। বুকিং হলো সব --- ফ্লাইট, airbnb, আর আর্কটিক এক্সপেরিয়েন্স প্যাকেজ। একটাই দুঃখ,পড়ার চাপ থাকায় আর, কাজ থেকে ছুটি না পাওয়ায় মেয়ে তৃষা এবার আমাদের সাথে যেতে পারলো না।

এই যাত্রাটা কিন্তু সহজ ছিল না। আটলান্টা থেকে প্রথম গেলাম অ্যামস্টারডাম, সেখান থেকে ওসলো, আর তারপর শেষ ফ্লাইট ট্রমসোর দিকে। সেই শেষ ফ্লাইটটা যেন ছিল একটা রূপকথার দেশে যাবার এক নিপুণ হাতে সাজানো পথ। প্লেন থেকে জানালার বাইরেটা যতটা দেখতে পাচ্ছিলাম, আমাদের মুগ্ধ চোখ শুধুই দেখছিল ---পাহাড় ঘেরা সাদা-নীল ল্যান্ডস্কেপ! প্রকৃতি যেন হাতছানি দিয়ে বলছিল — 'তোমরা এখন পৃথিবীর একেবারে এক প্রান্তে এসে পৌঁছে গেছো!'

বিমানবন্দরে নেমে চারপাশটা দেখে মনে হল, যেন কেউ রঙতুলি দিয়ে আকাশ, জল, আর পাহাড়গুলো এঁকেছে — এমন স্বচ্ছ, এমন নীরব, অথচ জীবন্ত!

প্রথম দিনই আমরা অনুভব করলাম ট্রোমসোর সবচেয়ে বিখ্যাত গ্রীষ্মকালীন বিস্ময় — মধ্যরাতের সূর্য আর মনজুড়ানো নিস্তব্ধতা। ঘড়ির সময় অনুযায়ী সন্ধ্যে হল, অথচ সূর্য পশ্চিমে নামছে না। সূর্যের সেই আকাশ ছেড়ে যাবার কোনো প্ল্যানই নেই! রাত তখন বারোটা, সূর্য তখনও আকাশে এক সোনালি বলের মতো ঝুলে আছে। এ যেন প্রকৃতির এক অলৌকিক জাদু! এমন আলোকে উপভোগ করতে আমরা ফিয়র্দের ধারে হাঁটছিলাম। কোথাও শব্দ নেই। শুধু দূরে এক-আধটা পাখির ডাক, আর হালকা বাতাসের শোঁ শোঁ শব্দ। এই শহরে কারোর কোনো তাড়া নেই। রাস্তায় গাড়ি নেই বললেই চলে, বাতাসে কোনও ধোঁয়া নেই। আর নীরবতা? সেখানে তারও যেন রয়েছে নিজস্ব এক সুর।

আমরা যে airbnb তে ছিলাম, সেটি ছিল জলরেখা ছুঁয়ে থাকা এক পাহাড়ের কোলে। জানালা খুললেই দেখা যায় — নীল জল আর পাহাড়ের সমাহার, যেন জলরঙে আঁকা বিশাল এক ক্যানভাস।

ব্লট্রমসোর সবচেয়ে অসাধারণ অলৌকিক অভিজ্ঞতাটি প্রথম দিন রাতেই টের পেলাম — মধ্যরাতের সূর্য।

রাত বারোটা বেজে গেছে অনেকক্ষণ — কিন্তু বাইরে তখনও দিনের মত আলো। সূর্য একটুও নামলো না। আকাশ তখন সোনালি-কমলা, যেন সূর্য পশ্চিমে যাওয়ার সিদ্ধান্তই নেয়নি। স্বপন জানালার পাশে দাঁড়িয়ে বলল, "এই আলো আমাদের চোখের বাইরে নয়, মনে হয় যেন

ভিতরেও আলো ঢুকিয়ে দিচ্ছে।"

তুতাই তো নানা প্রশ্ন করেই যাচ্ছিল। একসময় ক্লান্ত হয়ে বললো, "রাত তো শেষ হতে চলল। আমরা ঘুমাবো কীভাবে মা? এমন চড়া দিনের আলোয় কি ঘুমানো যায়?

আমি বললাম, "তুমি চোখ বন্ধ করে দেখ — এখানে নিজের রাতটা নিজের মতো করেই বানিয়ে নিতে হবে যে!"

সে রাতে আমাদের বেডরুমগুলোর জানালাতে পর্দা টেনে দিলেও তিনজনেই আলোতে ভিজে ঘুমিয়েছিলাম — অদ্ভুত এক প্রশান্তি নিয়ে।

পরদিন আমরা ট্রমসো আর্কটিক সার্কলের ফেরীতে ঘুরে বেড়ালাম অনেকগুলো ঘন্টা। বিশ্বাসই হচ্ছিলো না আমরা পৃথিবীর এক প্রান্তে চলে এসেছি! যখন আমাদের ফেরীটি তীরে এসে ভিড়ল, ঘড়ির সময় অনুযায়ী তখন মধ্যরাত পেরিয়ে গেছে অনেকক্ষণ আগেই।

পরদিন আমরা ঘুরে বেড়ালাম এমন পাহাড়ে যেখানে যেদিকে চোখ যায় শুধুই নানা-রঙের ফুলের সমারোহ। আর ছিল রেইনডিয়ারদের খামার। আমরা তখন যেন রূপকথার কোনো গল্পকথায় বিচরণ করছি। খ্রীষ্টমাসের সময় নানা ডেকোরেশনে, কিংবা কোনো মুভিতে আমেরিকায় রেইনডিয়ারদেরকে আমরা পাই। কিন্তু বাস্তবে আমাদের আশেপাশে রেইনডিয়ার ঘুরে বেড়াবে --- সেটা ভাবতে এবং বিশ্বাস করতে যেন শিহরণ হচ্ছিল! তবে পরে জেনেছিলাম এদেশের লোককথায় উল্লেখ রয়েছে কীভাবে 'সামি' মানুষজন বরফের মধ্যে বসবাস করেন আর কেমন করে রেইনডিয়ারকে পরিবারে মিশিয়ে রাখেন।

এখানে এত ঠাণ্ডার জায়গায় এত রকম ফুল! হিমালয়ের ছোট্ট ব্লু-পপ্পি থেকে শুরু করে অ্যালপাইন মস — একেকটা যেন কোনও অন্য গ্রহের সৃষ্টি। লোক্যাল মানুষদের কাছ থেকে জানলাম, "এখানে গ্রীষ্মের কয়েক সপ্তাহের আলোয় ফুলেরা এত দ্রুত বাঁচে, যেন ওরা জানে ওদের বাঁচার সময় কত কম।"

তারা যেমন তাড়াতাড়ি ফোটে, তেমনই অল্পদিনেই ঝরে পড়ে — যেন প্রকৃতিও জানে সময়ের আসল মূল্য।

এছাড়া, আমরা জানলাম উত্তর নরওয়ের আদিবাসী সামিদের গল্প। রেইনডিয়ারদের সঙ্গে তাদের আত্মিক সম্পর্ক, বরফের মধ্যে জীবন, আর কিভাবে ওরা বিশ্বাস করে Aurora Borealis, পূর্বপুরুষদের আত্মা। এ কথায় বিশ্বাস করলে বলতে হয়, যদি আমরা শীতকালে


BAYLEAF
Modern Indian Cuisine & Bar
BAYLEAF
Modern Indian Cuisine & Bar
Visit Now
Uber eats and DoorDash
Lunch buffet offered Tuesday to Sunday, 11:00 AM - 2:00 PM.
Dinner will be served from 4:00 PM to 9:30 PM.
Elevate your celebrations with our premium catering services
(205) 777-5879
BAYLEAFBHAM.COM/
1026 20TH ST. S, UNIT 101,
BIRMINGHAM, AL 35205


Sticks 'n Stones
cocktail bar

ওদেশে বেড়াতে যাই আর, ওখানে Northern Lights দেখি, বুঝব ওদের আত্মা আমাদের দেখতে এসেছে। জানি, এসব শুধুই বিশ্বাসের ভিত্তিতে চলে। কিন্তু আদিবাসী সামিদের বিশ্বাস, "তোমাদের হৃদয় যদি খোলা থাকে, তবে আলোও কথা বলে।"

দিনগুলো যেন কেটে যাচ্ছিল নিমেষে। সেদিন শেষ বিকেলের কফি আমরা উপভোগ করলাম আমাদের ভাড়া করা বাড়িতে বসেই। ঘরের ভেতর থেকে কাঁচের বড় বড় দরজা আর জানলা দিয়ে দেখছিলাম উজ্জ্বল নীল আকাশ। আর মন জুড়ানো নীরবতায় সবুজ নরম ঘাসে হেঁটে বেড়াতে দেখছিলাম কিছু রেইনডিয়ারকে।

সেই সন্ধ্যাবেলায় আমরা দেখতে গেলাম আইস ওয়াটার ফলস। পাহাড়ের চূড়া থেকে অবিরাম ঝরে পড়ছিল জল। সেই উঁচু পাহাড় থেকে পুরো শহরটা যেন নিচে বিছানো একটা ম্যাপ। সূর্যের আলো তখন হালকা কমলা। আমরা তিনজন, পাশাপাশি বসে বিভোর হয়ে দেখছি সেই দৃশ্য।

সত্যি বলতে কি, ট্রমসোর এমন নিরিবিলি জায়গায় ক'দিন থেকে বুঝতে পেরেছি সেই পরিবেশটি আমাদের ভেতরের কোলাহলটাও থামিয়ে দেয় — বাইরের শান্তি আর ভেতরের প্রশান্তি দুটো একসাথে কাজ করে তখন।

শীতে আর গরমের ঋতুতে ট্রমসোর রূপ একেবারে আলাদা। শীতে শুধুই রাত। তখন সূর্যের আর দেখা মেলে না। সেকথা বললেন আর্কটিক ক্যাথেড্রালের ফাদার। চার্চের নীরবতা আর ওঁনার বলা নানা কাহিনী শুনলাম মুগ্ধ হয়ে। জানা হল অনেক কিছু। জানলাম এই চার্চটি তৈরী হয় ১৯৬৫ সালে। স্টেইন্ড গ্লাসে তৈরী ভেতরের ডেকোরেশন ছিল সত্যি করেই মনমুগ্ধকর। সেখান থেকে নিচে শহরটাকে দেখাচ্ছিল যেন একটা ম্যাপের মতো। তাতে হালকা লাল, সবুজ আর নীলের ছড়াছড়ি। চার্চের পাশ দিয়ে চলে গেছে এক বিশাল ব্রীজ। এর একপাশে রয়েছে হেঁটে যাবার পথ আর, অন্যদিকে রয়েছে সাইকেলবাহীদের জন্য নির্ধারিত পথ। এখানে আসার পর থেকে যেটা বিশেষ ভাবে চোখে পড়ল, জনসংখ্যা অনুযায়ী এখানে গাড়ির সংখ্যা অনেক কম। বেশিরভাগ লোকজন এখানে শুধুই সাইকেল চালায়।

একসময় আমরা এমন এক জায়গায় পৌঁছলাম, যেখান থেকে কয়েকটা ফিয়র্দ দেখা যায়। অনেক দূরে একটা ছোট্ট জলযান চলছিল — আর মনে হচ্ছিল, এই শহরের মানুষজন যেন জীবনের গতি কিছুতেই বাড়াতে চায় না।

সেখানেই আমাদের সঙ্গে দেখা হল এক দম্পতির — জার্মানি থেকে এসেছেন ওরা। বললেন,

প্রতি বছর এই শহরে অন্তত ১০ দিন কাটান।

“Why?”, জিজ্ঞেস করতেই তারা বললেন, “Because peace is addictive.”

সত্যি কথা, শান্তিরও একটা নেশা আছে।

এতো বছর ধরে বিদেশে থাকলেও, আমাদের পরিবারে সামুদ্রিক মাছ আজ অব্ধি জনপ্রিয়তা পায়নি। তাই, নরওয়েতে খাওয়া নিয়ে আমাদেরকে কিছু অসুবিধার সম্মুখীন হতে হলো। কারণ ওখানকার বেশিরভাগ রেস্টুরেন্টগুলোতে শুধুই সামুদ্রিক খাবার পেয়েছি আমরা। এর মধ্যে ছিল আর্কটিক চার, রেইনডিয়ার স্ট্যু, স্কোলেব্রোড ---নারকেল দেওয়া নরওয়েজিয়ান পেস্ট্রি ---- ইত্যাদি। তবে এতে অবাক হবার কিছুই ছিল না। আসার আগেই আমরা সেসব জেনেই এসেছিলাম এবং সাথে আটলান্টা থেকে নিয়ে এসেছিলাম আমার নিজের হাতে বানানো ঘি। মাঝে মাঝেই ভাড়া করা বাড়িতে নিজেরাই রান্না করে খেয়েছি।

আসলে, ওখানকার জনসংখ্যা এতোই কম এবং সেরকম ভাবে রেস্টুরেন্টে খাবার লোকসংখ্যাও এতোই কম যে খাবার নিয়ে বিশেষ কোনো চয়েস আমাদের জন্য ছিল না। ছোট্ট শহরগুলোতে কখনো একটা বা দুটোর বেশি রেস্টুরেন্ট কখনোই আমরা পাইনি। তবে সব জায়গাতেই খুব ভালো গ্রোসারির দোকান আমরা পেয়েছি, যা ছিল আমাদের জন্য মুস্কিল আসান!

ট্রমসোতে আমাদের শেষ দিনটি ছিল আলো ছুঁয়ে ফেরার দিন। আকাশ ছেঁয়ে ছিল হালকা মেঘ। সেদিন সূর্য যেন লুকোচুরি খেলছিল সারাটা দিন ধরে। আমরা আবার গেলাম ফিয়র্দের ধারে — শেষবারের মত।

স্বপন বলল, “মনে হচ্ছে ট্রমসো আমাদেরকে একটু বদলে দিয়েছে।”

আমি বললাম, “হয়তো আমাদের ভেতরের দ্রুত গতিটাকে একটু থামিয়ে দিয়েছে।”

সেই বিকেলে আমরা আশেপাশে চারদিকটা ঘুরে বেড়াচ্ছিলাম ---অনেকটা উদ্দেশ্যহীন ভাবে। খুব সুন্দর একটি চার্চ দেখলাম অনেকটা দূর থেকে। চারপাশে কেউ নেই--- কিছু নেই। কাছে যেতেই শুধুমাত্র একজনকে দেখা গেলো বাগানের যত্ন নিতে। কথা হতেই উনি আমাদেরকে ভেতরে নিতে গেলেন। সেই চার্চের নাম হিল্লেসয় চার্চ। আমাদের দেখা সেই ছিল সবচে' পুরোনো চার্চ।

সেই দিনের শেষটুকু কাটালাম আমরা পাহাড়ের গায়ে মাখানো বরফের ছোট্ট শহর Kvaloya তেই। পরদিন সকালে আমাদের ফিরে আসার ফ্লাইট।

এভাবেই শেষ হলো আমাদের ট্রমসো ছুটির সফর। আর্কটিক সার্কলের বুকজুড়ে জমে থাকা বরফ, অন্তহীন সূর্যের আলো, আর নিঃশব্দ তুষারের সেই অতুলনীয় সৌন্দর্য --- সব যেন এখনও চোখে লেগে আছে। এক টুকরো স্বপ্নের মতো কাটলো ওই ক'টা দিন। নরডিক প্রকৃতির শান্ততা আর সৌন্দর্যে এক অন্য রকম প্রশান্তি পেলাম, যা ছিল শহুরে জীবন থেকে বহু বহু দূরে। আটলান্টায় ফেরার পালা এবার। প্লেনে বসে মনে হলো --- শরীরটা ফিরছে, মনটা যেন এখনো কোথাও আটকে আছে ওই বরফ ঢাকা পাহাড়ের কোলে। এই ভ্রমণ শুধুই ঘোরাঘুরি নয়, নিজের সঙ্গে সময় কাটানোর অনেকটা সুযোগও দিলো। ট্রমসো থেকে নিয়ে গেলাম কিছু অবিস্মরণীয় স্মৃতি, কয়েক হাজার ছবি, একরাশ তুষারের শীতল স্পর্শ --- যা হৃদয়ে রয়ে যাবে বহুদিন।

এখন আমরা আটলান্টায়। চারপাশে গাড়ির শব্দ, আলো, কোলাহল। কিন্তু মাঝে মাঝে তবু মনে হয় — কোথাও যেন একটা শহর আমাদের জন্য অপেক্ষা করছে। যেখানে গ্রীষ্মে দিনরাত আলোর হাত ধরে সময় এগিয়ে চলে। সেই অবিরাম আলো কখনো নামেও না, আর নীরবতা প্রাণ খুলে গান গায়।

সবশেষে বলবো, আমাদের ট্রমসো ভ্রমণ কেবল এক গরমের ছুটিই ছিল না — সেটা ছিল আমাদের নিজেদেরকে খুঁজে পাবার এক প্রশান্তির পথও!

BUYING OR SELLING YOUR PROPERTY?
BODEMS REALTY IS HERE TO HELP!



Subbu Bodem
(205) - 566 - 4123
bodemsrealty@gmail.com
www.bodemsrealty.com

BUY WITH CONFIDENCE
- THE BEST HOME TAILORED TO YOUR LIFESTYLE AND BUDGET
- GET THE BEST PRICE & TERMS FOR YOUR DREAM HOME
- THE BEST SCHOOLS & NEIGHBORHOODS FOR YOUR FAMILY!

SELL WITH SUCCESS
- SHOWCASE YOUR PROPERTY TO QUALIFIED & MOTIVATED BUYERS
- LISTINGS ON THE BEST LOCAL SALES CHANNELS
- YOUR HOME SELLS FOR ITS HIGHEST VALUE

CONTACT US NOW TO HAVE YOUR REAL ESTATE NEEDS SERVICED BY 20+ YEARS OF COMMUNITY SERVICE!

ছাপোষা প্রেম

-কুমারজিৎ ব্যানার্জী



ফুরিয়ে যাওয়া কথার মাঝে,
কুড়িয়ে পাওয়া গল্প থাক।
জুড়িয়ে যাওয়া ব্যথার আঁচে,
পুড়িয়ে পাওয়া সংকল্প থাক।
তোমার চোখেই আমায় খুঁজি-
তেপান্তরের মাঠের শেষ।
কোন সোনার কাঠির ছোঁয়ায় বুঝি,
দত্যি-দানো নিরুদ্দেশ।
অবুঝ অশান্ত হিয়ার, প্রতি স্পন্দে তুমি,
ছাপোষা প্রেমের কবিতার চেনা ছন্দে তুমি।

হারিয়ে পাওয়া পাতার ভাঁজে,
সারিয়ে দেওয়া স্পর্শ থাক।
'ছাড়িয়ে যাওয়া মাথা'র সমাজে,
দু-হাত বাড়িয়ে গাওয়ার আদর্শ থাক।
তোমার আলোয়, আমার আকাশ-
মেঘ সরিয়ে, ফের উজল,
সাদা-কালোয়, নেই অবকাশ-
তোমার প্রেমেই, ঝলমল।
আদুরে মনের আঙিনার, ভালোমন্দে তুমি,
ছাপোষা প্রেমের কবিতার প্রিয় ছন্দে তুমি।

AI Generated images:

1. Meta. (2025). Llama 3 (version 1.0) [Large language model]. https://ai.meta.com/
2. Google. (2025). Gemini (2.0 Flash) [Large language model]. https://gemini.google.com/.

The Journey of Cricket in Birmingham: A Story of Growth and Passion

-Rudradip Pattanayak

The history of cricket in our community is a testament to the dedication of its players and the vision of its leaders. Long before the official formation of the Birmingham Cricket League (BCL), cricket was a quiet but constant presence in Central Alabama.

For nearly 14 years, beginning in 2001, the Birmingham cricket community thrived by competing in the Atlanta Georgia Cricket Conference. Our home field at East Thomas was the hub of this activity, hosting spirited matches against teams from a neighboring state. As our numbers grew and new teams were formed, our focus shifted closer to home. With almost six Birmingham-area teams participating, we spent a period competing in the Montgomery Cricket League, building a foundation of local talent and camaraderie.

A pivotal moment came when a few visionaries, including Rajen Shah, recognized the exponential growth of the sport. We knew that to truly nurture this passion, we needed more than just one field. We approached the City of Birmingham, and through a collaborative effort, we built the East Lake cricket field from the ground up. This field remains our primary home, a symbol of our collective dedication.

